ইনসাফ করুন... ইনাসাফ! ভদ্রজনেরা দুশমনির ক্ষেত্রেও আমানতদারির সাথে কাজ করে। ইনসাফ করুন! আপনারা আসলাফের বর্ণনাকৃত তাকফীরের অধ্যায়ের (সেই সব মাসআলা যাতে এ কথা আলোচনা করা হয়েছে যে একজন মুসলমান কালেমা পড়া সত্ত্বেও কোন কোন কথা ও কাজের দ্বারা কাফের হয়ে যায়।) আলোকে ফয়সালা করুন যে, ক্ষমতার দাপটে যারা আল্লাহর শরীয়তকে প্রত্যাখ্যান করে তাদেরকে কি ঈমানদার বলে গণ্য করা যেতে পারে? যারা কাফেরদের সাথে জোট করে ঈমানদারদের হত্যা করাকে আইনসম্মত (হালাল) বলে, তাদেরকে কি মুসলমান বলা ঠিক হতে পারে? যারা ভারতের সাথে মিতালি করে আর মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করে, তারা কি মুসলমান থাকতে পারে? কুফরি ব্যবস্থায় ফয়সালাকারী আদালতের ব্যাপারে অনড় থাকা, এর হেফাজত করাকে ফরয মনে করা এবং ঈমানদারদেরকে জোরপূর্বক তার অধীনে ফয়সালা মেনে নিতে বাধ্য করা, কুফর ও কাফেরকে সম্মান করা, শাআয়িরুল্লাহ্ (জিহাদ ইত্যাদি) এবং নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতের উপহাস করা, এগুলোই যদি ঈমান হয় তবে কুফর কি? এগুলোই যদি আহলে সুন্নাতের মাসলাক হয় তবে মরজিইয়্যা কারা?

আমাদেরকে একটু বুঝান যে, দীন থেকে যারা খারেজ হয়ে গিয়েছে তাদেরকে কাফের বলাই যদি খারেজী হওয়ার নিদর্শন হয়ে থাকে, তাহলে প্রথম খলিফা, রফিকে গার, হযরত আবু বুকর রাযিয়াল্লাহু তায়ালা আনহুর সম্পর্কে আপনারা কি বলবেন, যিনি যাকাত না দেয়ার কারণে তাদেরকে কাফের সাব্যস্ত করেছিলেন।

অথচ তারা কালেমা পড়ত এবং নামাযও আদায় করত। পরে অন্যান্য সাহাবীও এর সমর্থন করেন। দরবারি ফতওয়াবাজদের নিকট জিজ্ঞাসা, (নাউযুবিল্লাহ) তারা সবাই কি খারেজি ছিলেন?

ইমাম আবু হানিফা রহামতুল্লাহি আলাইহি আবু জাফর মনসুরের বিরুদ্ধে অপসারণের সিদ্ধান্তকে বৈধ ঘোষণা করেন এবং নিজেও কার্যত (আমলি) সহযোগিতা করেন। বলুন, ইমাম আবু হানিফা রহামতুল্লাহি আলাইহিও কি খারেজি ছিলেন? তিনিও কি বর্তমান শাসকের বিরুদ্ধে অপসারণের জন্য জনগণকে উত্তেজিত করার অভিযোগে দোষী সাব্যস্ত হবেন?

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া রহমাতুল্লাহি আলাইহি তাতারিদের ইসলাম কবুল করার পরও তাদের বিরুদ্ধে জিহাদ করেন। ইমাম ইবনে তাইমিয়া রহমাতুল্লাহি আলাইহি কি তবে আপনাদের নিকট খারেজী?

ইমাম মালেক রহমাতুল্লাহি আলাইহির এক রেওয়ায়েত অনুযায়ী একটা ফরয ত্যাগকারীও কাফের। বলুন, কেউ কি তাকে খারেজী বলেছে?

ইমাম আহমাদ বিন হাম্বল রহমাতুল্লাহি আলাইহি নামায ত্যাগকারীকে কাফের বলতেন। অথচ তাঁর যুগে কেউই তাঁকে খারেজী বলেননি। তাঁর সম্পর্কে আপনাদের রায় কি? তিনি কি খারেজী?

ইমাম ইসহাক ইবনে রাহওয়াই রহমাতুল্লাহি আলাইহি বলেন–

'যে ব্যক্তি জেনে বুঝে নামায ছেড়ে দিবে এমনকি যোহর থেকে মাগরিব এবং মাগরিব থেকে অর্ধ রাত্রি পার হয়ে গেলে সে কাফের হয়ে যাবে। তিন দিন পর্যন্ত তাকে তাওবার সুযোগ দেয়া হবে। এরপরও যদি রুজু না করে এবং এ কথা বলে যে নামায না পড়া কুফরি নয়, তবে তার শিরোচ্ছেদ করা হবে। যখন সে নিজে নামায না পড়বে। আর যদি নামায পড়ে এ কথা বলে, তাহলে এটা ইজতিহাদী মাসআলা। *[মজমু' আল ফতওয়া : ৭/৩০৭]*

এঁর সম্পর্কে আপনাদের অভিমতটা একটু বলুন। আপনাদের দৃষ্টিতে ইনিও কি খারেজী?

হে ওলামায়ে কেরাম! আপনারাই বলুন, খারেজী করা? যারা ভারতের সাথে নিরাপত্তা চুক্তি করে, তারা? যারা ভারতকে এ সব সুযোগ সুবিধার ব্যবস্থা করে দেয় যে, তারা মুসলমানদের নদীর উপর ড্যাম নির্মাণ করুক? যারা হিন্দুদের সাথে পারস্পারিক সমঝোতার ভিত্তিতে থাকতে চায়? আর অন্যদিকে মুজাহিদদের সাথে যুদ্ধ করে। আল্লাহর দুশমনদের সাথে সমঝোতা করে, তাদেরকে মিত্র বানায় এবং মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সঙ্গ দেয়, তাদেরকে সহযোগিতা করে? মুজাহিদদের বিরুদ্ধে পৌত্তলিকবাহিনীদের সাহায্য করে? ইসলামের মুজাহিদদের

বিরুদ্ধে বদদুআ করে, অভিশাপ দেয়? আমেরিকান সৈনিকদের সহযোগিতার ফতওয়া দেয়। আমেরিকান সেনাবহিনীর সাথে বসে প্রেমের কাব্য রচনা করে এবং তাদের টাকায় বই লেখে। এমনকি মুসলমানদের হত্যা করার জন্য আমেকিরাকে পরামর্শও দেয়। ইনসাফের সাথে বলুন, খারেজী করা?

দ্বিতীয় অধ্যায়

গণতন্ত্রের আলোচনা

গণতন্ত্র সম্পর্কে ভারসাম্যপূর্ণ বিতর্কের প্রয়োজনীয়তা

গণতন্ত্রের ইসলামী ও অনৈসলামী হওয়ার বিতর্ক নতুন কোনো বিষয় নয়। গণতন্ত্রের জন্মলগ্ন থেকেই ওলামায়ে কেরাম এ সম্পর্কে লেখালেখি আরম্ভ করেছেন। তবে আমাদের যুগে এসে এই বিতর্কের পালে ব্যাপকভাবে হাওয়া লেগেছে। গণতন্ত্র সম্পর্কে চিন্তা ও মতামতে পারস্পারিক দ্বন্দ্বাত্মক মতের অধিকারী দল আমাদের সম্মুখে এসেছে। এক দল শরীয়তের আলোকে গণতন্ত্রকে কুফরি বলেন এবং গণতন্ত্রের কাজে অংশগ্রহণ করাকে সঠিক মনে করেন না। আর অন্য দলের একটি অংশ এতে শাখাগত সংযোজন করে এটাকে ইসলামীকরণ করতে প্রাণন্তকর চেষ্টা চালিয়ে যাচ্ছে। আকেরটি অংশের বক্তব্য হল, ইসলামই দুনিয়াকে গণতন্ত্রের শিক্ষা দিয়েছে। পশ্চিমারা ইসলাম থেকেই গণতন্ত্রের শিক্ষা গ্রহণ করেছে। সারকথা হল, দ্বিতীয় দলের দর্শন হল, এই যুগে ইসলামী বিপ্লব এবং মুহাম্মাদি শরীয়ত বাস্তবায়নের কার্যক্রম ও তৎপরতা গণতন্ত্রের মাধ্যমে করাই সঠিক পন্থা।

যে কোনো শিক্ষার্থীর জন্য এই ইখতিলাফ ও মতানৈক্যে একক সিদ্ধান্তে উপনীত হওয়া কিংবা কোনটা হক কোনটা বাতিল, কার চিন্তাধারা ইসলামী আর কার চিন্তাধারা অনৈইসলামী– এর ফয়সালা করা কঠিন হয়ে যায়। এই জটিলতা আরও বেড়ে যায় যখন দেখা যায় গণতন্ত্রের কুফরির প্রবক্তার মধ্যে শীর্ষ আলেমগণও রয়েছেন। যাদের ইলমী ইসতিদাদই নয় বরং তাদের তাকওয়া ও সততা-সাধুতারও কসম করা যায়। কিন্তু এটাও বাস্তবতা যে অপর পক্ষে যারা এটাকে ইসলামী সাব্যস্ত করেন এবং এতে অংশগ্রহণ করাকে জরুরি মনে করেন, এদের মধ্যেও এমন সব ব্যক্তিত্ব রয়েছেন, যাদের অনুসারী প্রথম দলের চেয়ে কোনো অংশে কম নয়। এদের মধ্যেও এমন আহলে ইলম রয়েছেন, যাদের ইলমী মাকাম ও সততা-সাধুতা সবাই স্বীকার করেন।

যে কোনো বিতর্কে যার নিকট দলিল-প্রমাণ বেশি থাকবে অথবা শরীয়তের আলোকে যে দলের কথা হক ও সত্য প্রমাণিত হবে– এটা একটা ঐতিহাসিক বাস্তবতা যে– মানুষ সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে এসব দলিল-প্রমাণের চেয়েও যে বিষয়টাকে অধিক গুরুত্ব দেয় তা হল 'জাতির বড়রা' কাদের সাথে রয়েছেন। এমনকি নবীগণের মত মহান ও পবিত্র ব্যক্তিত্বগণকেও এ ধরনের জটিলতার সম্মুখীন হতে হয়েছে। অথচ দলিল-প্রমাণের আলোকে দেখা হলে তো নবীগণের হক ও সত্যবাদি হওয়ার ক্ষেত্রে কারও সন্দেহ হতে পারে না। নবীদের উপর তো সরাসরি ওহী নাযিল হয়ে থাকে।

সুতরাং এতে কোনো সন্দেহ নেই যে, মানুষের সম্মুখে যখন কোনো দাওয়াত পেশ করা হয়, গ্রহণ করা বা না করার ক্ষেত্রে তারা বড়দের দিকে দেখে। বড়রা যদি সেই দাওয়াত গ্রহণ করেন, সমাজের সাধারণ মানুষও তা গ্রহণ করে। আর সমাজের বড়রা যদি সেই দাওয়াত প্রত্যাখ্যান করেন, তখন দাওয়াতদাতারা প্রথমেই হোঁচট খায়, জটিলতার সম্মুখীন হয়। এমতাবস্থায় দাঈরা বারবার যে প্রশ্ন ও আপত্তির সম্মুখীন হয়ে থাকেন তা হল, আপনি বেশি বোঝেন নাকি বড়রা বেশি বোঝেন। আপনার কথা যদি হকই হত তবে আমাদের বড়রা কেনো গ্রহণ করছেন না?

কিন্তু 'জাতি'র বড়রা কি সব সময় হকের উপর থাকেন? যুবকরা কি সব সময় ভ্রান্তির শিকার হয়ে থাকে? তাদের কাজ ও কর্মপদ্ধতি কি কখনোই সঠিক হয় না? এটা কি ইসলামী শরীয়তের মানদণ্ড যে– বড় ও ছোটদের মধ্যে মতানৈক্য দেখা দিলে বড়দের কথাই গ্রহণযোগ্য এবং আমলযোগ্য হবে? আর হককে কেবল এজন্যই প্রত্যাখ্যান করা হবে যে সমাজের বড়রা ও বিখ্যাতজনেরা তা গ্রহণ করেননি? হক প্রত্যাখ্যানকারীরা কি এ ধরনের আপত্তি পূর্ব থেকেই করে আসছে না? সর্বশেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দুশমনরাও এমন আপত্তি করত।

وَقَالُوا لَوْلَا نُزِّلَ هَذَا الْقُرْآنُ عَلَى رَجُلٍ مِنَ الْقَرْيَتَيْنِ عَظِيمٍ

> আর তারা বলল, 'এ কুরআন কেন দুই জনপদের (মক্কা ও তায়েফ) মধ্যকার কোন মহান ব্যক্তির উপর নাযিল করা হল না'? *[সূরা যুখরুফ : ৩১]*

আল্লাহ তায়ালা তিরস্কারের ঢঙে উত্তর দেন–

أَهُمْ يَقْسِمُونَ رَحْمَةَ رَبِّكَ

> আপনার রবের রহমতের বণ্টন কি এরা (কাফের) করে? *[সূরা যুখরুফ : ৩২]*

ফয়সালা কি কাফেররা করবে, যে আল্লাহর রহমত কাকে দান করা হবে? আল্লাহর রহমতের উপযুক্ত কে? তারা যাকে বড় মনে করে সে বড়, নাকি আল্লাহ যাদেরকে বড় মনে করেন এবং বড় করতে চান, সে বড়? তাদের কাছে বড়'র মানদণ্ড হল দুনিয়া। দুনিয়ার সুখ্যাতি, চাকচিক্য, বিশাল বিশাল উপাধি এবং টিভি, পত্রপত্রিকা ও কনফারেন্সে যাদের মুখ বেশি দেখা যায়, আল্লাহ তায়ালা এদের মধ্যে দুনিয়া বণ্টন করে দিয়েছেন। আল্লাহর রহমত তাদের ধরাছোয়ার বাইরে। আল্লাহ যাকে পছন্দ করেন তাকেই কেবল তাঁর রহমত দান করেন।

এমনিভাবে নবীদের দাওয়াতের ইতিহাস খুললে দেখা যাবে বাস্তবে এই আপত্তির কোনো ওজন নেই। কারণ পৃথিবীতে যুগে যুগে যত নবী এসেছেন এবং দাওয়াতের কাজ শুরুকরেছেন, সর্বপ্রথম তাদের সমাজের 'বড়'রাই তাঁর বাধা দিয়েছে। প্রতিবন্ধক হয়েছে। তাদের দৃষ্টিতে নবীগণ কম বয়েসেরই হতেন। নবীগণের বিরোধিতার ক্ষেত্রে সময়ের বিখ্যাত নির্ভরযোগ্য ব্যক্তিগণই সামনের সারিতে থাকত। অর্থ, মেধা, খ্যাতি এবং জনবলের দিক থেকে সমাজে নবীদের বিরোধীদের মর্যাদা অনেক বেশি হত। আর যারা নবীদের দাওয়াত সর্বপ্রথম গ্রহণ করতেন, তাদের সম্পর্কে এসব বড়দের ভাষ্য হল–

وَمَا نَرَاكَ اتَّبَعَكَ إِلَّا الَّذِينَ هُمْ أَرَاذِلُنَا

> তোমাকে কেবল তারাই অনুসরণ করে, (মর্যাদায়) যারা আমাদের চেয়ে ছোট। *[সূরা হুদ : ২৭]*

অনেক সময় এই বড়রা ঈমানদারদেরকে বেওকুফও বলত–

قَالُوا أَنُؤْمِنُ كَمَا آمَنَ السُّفَهَاءُ

> মোনাফেকরা বলত, আমরা কি এসব বেওকুফদের মত ঈমান আনব। *[সূরা বাকারা : ১৩]*

হযরত ইবরাহীম আলাইহিস সালাম যখন মূর্তি ভাঙ্গেন তখন তার বয়স (ইবনে কাসিরের বর্ণনা অনুযায়ী) ষোল বছর ছিল। আর চলমান জীবনব্যবস্থার কুফরি হওয়ার বিষয়টি আল্লাহ তায়ালা তাঁকে আরও আগে স্পষ্ট করে দিয়েছিলেন।

এবার চিন্তা করুন, একদিকে 'যুবক' (বড়রা যাদেরকে আবেগীও বলেন।) আর অন্যদিকে জাতির মেধাবী, বিচক্ষণ ও অভিজ্ঞ প্রবীণ ব্যক্তিগণ। কিন্তু কার বুকের পাটা রয়েছে যে, খলিলুল্লাহকে আবেগী তরুণ বলে তার কাজকে ভুল বলবে আর জাতির প্রবীণদের কাজকে সঠিক বলবে?

ইমাম ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি তার তাফসীরে আবদুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুমার এই হাদীস বর্ণনা করেছেন–

'আল্লাহ তায়ালা প্রত্যেক নবীকে যুবক বয়সে প্রেরণ করেছেন। আর আল্লাহ তায়ালা যেই আলেমকে ইলমে ভূষিত করেন, যৌবনকালেই ভূষিত করেন।' *[তাফসীরে ইবনে কাসির]*

হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র জীবনী অধ্যায়ন করলে আমরা দেখতে পাই যে, তিনি তাঁর সাহাবায়ে কেরামকে এ বিষয়টি খুব ভালোভাবে বুঝিয়ে ছিলেন যে, হক ও বাতিলের মাপকাঠি ছোট বড় নয়, হকের মাপকাঠি হল শরীয়তে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)।

এজন্য আহলে সুন্নাত ওয়াল জামাতের নিকট সাহাবা রাযিয়াল্লাহু তায়ালা আনহুম আজমাঈন মিয়ারে হক, হকের মাপকাঠি। অথচ তাদের অনেকে বয়সে ছোট ছিলেন, অনেকে বড় ছিলেন। এর কারণ সেই হক যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসব মহান ব্যক্তিত্তগণকে শিখিয়েছিলেন।

হযরত সাহাবায়ে কেরামের জীবনী খুলে দেখুন। আল্লাহ কম বয়সী অনেক সাহাবীকেই ইলমের দৌলত দান করেছিলেন। ইখতিলাফি মাসআলাগুলোতে বড় বড় সাহাবীরা তাদের দিকে রুজু করতেন। তাদের মতকে গ্রহণ করতেন।

হানাফী মাসলাকে অসংখ্য মাসআলা এমন রয়েছে, যাতে উস্তাদের (ইমাম আবু হানিফা রহমাতুল্লাহি আলাইহি) মতের বিপরীতে শিষ্যের (ইমাম আবু ইউসুফ ও মুহাম্মাদ রহমাতুল্লাহি আলাইহি) মত অনুযায়ী আমল করা হয়। অন্যান্য মাসলাক ও মাযহাবেও একই চিত্র দেখতে পাবেন। এমনকি আহলে হাদীসদের বেলায়ও এমন চিত্র দেখতে পাবেন।

সুতরাং এটি কি পরিমাণ অন্যায় যে আজ আমরা হক বিষয়কে জানা সত্ত্বেও শুধু এজন্য তা প্রত্যাখ্যান করছি যে, 'আমাদের বড়রা' এই হকের সাথে নেই। তবে কি আল্লাহর রহমতের বন্টনের দায়িত্ব মানুষ নিজ হাতে তুলে নিয়েছে? কিয়ামতের দিন কি এরা আল্লাহর সামনে কোনো হুজ্জত কায়েম করতে পারবে? প্রমাণ উপস্থাপন করতে পারবে? বড়দের অনুসরণ করার যুক্তি ও দলিল কি তাদের কোনো কাজে আসবে সেদিন?

এজন্য সুধী পাঠকবর্গের নিকট আমার বিনীত আবেদন, আপনারা এই বিতর্ক পাঠ করার পূর্বে দয়া করে কিছুক্ষণের জন্য নিজেদের মাথায় বড়দেরকে আনবেন না, যারা বর্তমানে গণতন্ত্রের পক্ষে ও বিপক্ষে অবস্থান নিয়েছেন। বরং উভয় পক্ষের দলিল প্রমাণ নিরপেক্ষভাবে অধ্যায়ন করুন। যাতে হক কবুল করার ক্ষেত্রে হঠকারিতা ও পক্ষপাতিত্ব প্রতিবন্ধক না হয়। যেমন আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

وَلَا يَجْرِمَنَّكُمْ شَنَاٰنُ قَوْمٍ عَلٰٓى اَلَّا تَعْدِلُوْا اِعْدِلُوْا هُوَ اَقْرَبُ لِلتَّقْوٰى

কোন কওমের প্রতি শত্রুতা যেন তোমাদেরকে কোনভাবে প্ররোচিত না করে যে, তোমরা ইনসাফ করবে না। তোমরা ইনসাফ কর, তা তাকওয়ার নিকটতর। *[সূরা মায়েদা : ৮]*

আর হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহু বলেন–

اعرف الرجال بالحق ولاتعرف الحق بالرجال

তোমরা ব্যক্তির মাধ্যমে হক চিনো না বরং হকের মাধ্যমে ব্যক্তিকে চেনো। *[মুখতাসারুত তুহফা আল ইসনা আশারিয়্যাহ]*

সেই সাথে এখানে এ বিষয়টিও স্পষ্ট থাকা চাই যে, আদবের সাথে বুদ্ধিবৃত্তিক উপস্থাপনায় সুস্পষ্ট দলিল প্রমাণ উপস্থাপন করে আকাবির আহলে ইলমের কারো কোনো ইজতিহাদী ভুল চিহ্নিত করা হলে এর দ্বারা কোনোভাবেই তার মর্যাদাহানী হয় না। আর এর দ্বারা তার ইলমী মাকামকে ছোট করে দেখাও উদ্দেশ্য হয় না। বস্তুত এমনটি কাম্য হওয়া কাঙ্ক্ষিতও নয়। ইসলামের ইতিহাসে বড় বড় ইমামগণ এবং ইলমের স্তম্ভও অনেক সময় দুর্বল মত পেশ করেছেন অথবা তাদের থেকে ইজতিহাদী ভুল হয়ে গিয়েছে। এমন ক্ষেত্রে আমাদের আসলাফের পদ্ধতি এটাই ছিল যে, তারা তাদের ইলমী মাকাম এবং তাদের শান ও মর্যাদা পরিপূর্ণরূপে স্বীকার করে তাদের ভুলের উত্তম ব্যাখ্যা বর্ণনা করেছেন এবং ভুলকে ভুল হিসেবে চিহ্নিত করেছেন।

একক কোনো মাসআলায় কোনো আলেমকে ভুল করতে দেখে তার ইলমী মাকাম এবং দীনি খেদমত তুড়ি মেরে উড়ে দেয়া এবং ভদ্রতার মাথা খেয়ে তার ব্যক্তিত্বকে কালিমা লেপন করতে ব্যস্ত হয়ে পড়া অথবা এর বিপরীতে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবায়ে কেরামের পর ব্যক্তি বিশেষকে হক ও বাতিলের মানদণ্ড বানানো এবং তার ভ্রান্তি স্পষ্ট হওয়ার পরও তার প্রতিটি ভুল ইজতিহাদের অনুসরণ করা– প্রান্তিকতা মানসিকতার ফল। প্রান্তিকতা থেকে বেঁচে আসলাফের ভারসাম্যপূর্ণ পথকে আঁকড়ে থাকার মাঝেই মুক্তি। এটাই আমাদের নাজাতের কিশতি।

আল্লামা ইবনে কাইয়্যিম রহিমাহুল্লাহ জলিলুল কদর ব্যক্তিত্বদের ভুল থেকে আমলের সঠিক পদ্ধতি বুঝাতে গিয়ে বলেন–

قد تكون منه هفوة أو زلة هو فيها معذور بل مأجور لاجتهاده. فلا يجوز أن يتبع فيها. ولا يجوز أن تهدر مكانته وامامته ومنزلته في قلوب المسلمين

জলিলুল কদর কোনো ব্যক্তিত্বের ভুলের শিকার হওয়া অথবা কোনো ক্ষেত্রে তার পদস্খলন ঘটা অসম্ভব কিছু নয়। কিন্তু (এই ভুল ও পদস্খলন যেহেতু কোনো ওজরের কারণে হয়েছে, এজন্য) তাকে মাজুর মনে করা হবে। বরং এমনও হতে পারে যে ইজতিহাদী গলতি ও ভুল হওয়ার ভিত্তিতে ইজতিহাদের একটি প্রতিদানও তিনি পাবেন। তবে হ্যাঁ, তার এই ভুলের উপর তার অনুসরণ করা জায়েয হবে না। আবার এ কারণে তার মাকাম ও মর্যাদাকে কালিমা লেপনের চেষ্টা করা এবং মানুষের অন্তরে বিদ্যমান ভক্তি-শ্রদ্ধাকে শেষ করে দেয়াও জায়েয হবে না।[৪]

এই বিষয়ের অধ্যায়নের পূর্বে সুধী পাঠকবর্গের নিকট আরও একটি দরখাস্ত রয়েছে। বইটি এখানেই বন্ধ করুন এবং অযু করে দুই রাকাত সালাতুল হাজাত পড়ুন (নফল নামায পড়ার সময় থাকলে, অন্যথায় শুধু অযু করুন।) এবং রাব্বে কারীমের সামনে সিজদায় পড়ে যান। অন্তরের সমস্ত জানালা হকের জন্য খুলে দিন এবং নিজের অসহায়ত্বের কথা স্বীকার করে আল্লাহর নিকট কেঁদে কেঁদে প্রার্থনা করুন।

হে আল্লাহ! আমি কিছুই বুঝতে পারছি না। উভয় দিকে বড় বড় ব্যক্তিত্বগণ রয়েছেন। এ অবস্থায় আমি কি করব? এ অবস্থায় আমার কি করা উচিত?

হে আল্লাহ! আমার অন্তরে হক ঢেলে দিন এবং তা মজবুতভাবে বসিয়ে দিন। এর জন্য আমাকে গোটা দুনিয়ার সাথে লড়তে হলেও।

হে ইবরাহীম আলাইহিস সালামের রব! আপনি যাকে মূর্তির নগরীতে সৃষ্টি করেও মূর্তি ভাঙ্গার হিম্মত ও সাহস দান করেছিলেন, অথচ তার মোকাবেলায় তার পিতা, চাচা এবং বংশের বড় বড় ব্যক্তিত্ব ও নেতাদের অবস্থান ছিল। আর তিনি ছিলেন তাঁর বড়দের দৃষ্টিতে কম বয়সি আবেগী শিশু।

---

[٤] العمل الاسلامي بين دواعى الاجتماع ودعاة النزاع. اعداد : مركز الدراسات والبحوث الاسلامية في باكستان. مع تقديم الشيخ أسامة بن لادن رحمه الله. صـ٦٤

হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রব! আমরা স্বীকার করছি আমাদের অন্তরে আমাদের ধর্মীয় ব্যক্তিত্বদের শ্রদ্ধা ও ভালোবাসা বিদ্যমান রয়েছে। কিন্তু আপনি আপনার হাবীব প্রিয়তম নবীর ভালোবাসা সব ভালোবাসার উপর বিজয়ী করে দিন। আর যেটা হক, যেটা সত্য- আমাদেরকে তা কবুল করার তাওফীক দান করুন। বাতিলের প্রতি ঘৃণা, বিদ্বেষ, শত্রুতা ও দ্রোহ আমাদের অন্তরে সৃষ্টি করে দিন এবং এগুলোর অনুসরণ করা থেকে আমাদেরকে হেফাজত করুন।

আপনি তো সেই সত্ত্বা, যিনি হযরত সালমান ফারসী রাযিয়াল্লাহু তায়ালা আনহুকে হকের অনুসন্ধিৎসা দান করেছিলেন। তিনি বিভিন্ন জায়গায় হক সন্ধান করতে করতে ক্লান্ত হতে থাকেন। হে আল্লাহ! আপনি তো সেই সত্ত্বা, যিনি ছাড়া আর কোনো মা'বুদ ও ইলাহ নেই। হে আল্লাহ! শ্রদ্ধা-ভালোবাসা, এতাআত-আনুগত্য এবং ভয় ও আশা কেবল আপনার জন্য নির্দিষ্ট। এতে কেউই আপনার শরিক নেই। হে আল্লাহ! আমরাও বিভিন্ন দল, গ্রুপ, ফেরকা ও ব্যক্তিত্বের পিছনে পিছনে দৌড়াতে দৌড়াতে ক্লান্ত হয়ে পড়েছি। আল্লাহ! আপনি আমাদেরকে মদদ করুন। বিশেষভাবে আপনার পক্ষ থেকে আমাদেরকে রাহনুমায়ী করুন, যেমন মদদ করেছিলেন আসহাবে কাহাফকে। হে আল্লাহ! আপনি তো সেই সত্ত্বা, যিনি খালেক, আমাদেরকে সৃষ্টি করেছেন। আবার আইন ও নিয়ম-নীতিও তৈরি করেছেন আপনিই। দয়া করে আপনি এই উম্মতের প্রতি রহম করুন, করম করুন। হকের জন্য আমাদের সবার অন্তরকে উন্মুক্ত করে দিন। এই হক আমাদের নফসের জন্য যত তিক্তই হোক না কেনো। আমীন।

গণতন্ত্র (Democracy) কি

এটা যেহেতু একটা পরিভাষা (Terminology), যাকে বিশেষ অর্থে ব্যবহার করা হয়, এজন্য পরিভাষার মূলনীতি হল, এর সেই সংজ্ঞাই ধর্তব্য হবে যা এর প্রণয়নকারীরা বর্ণনা করেছেন।

Democracy এর অর্থ

শব্দটি মূলত গ্রীক। Demos এবং Kratos দু'টি শব্দের সমন্বয়ে এই শব্দটি গঠিত হয়েছে।

Demos এর অর্থ : People বা জনগণ।

আর Kratos এর অর্থ Rule বা শাসন।

অর্থাৎ Rule of the people জনগণের শাসন।

গণতন্ত্রের সংজ্ঞা

Democracy : Free and equal representation of people.

A government in which the supreme power is vested in the people and exercised by them directly or indirectly through a system of representation usu. involving periodically held free elections.

Democratic System of Government : A system of government based on the principle of majority decision-making. *[Encarta 2009; Encyclopaedia Britannica 2012.]*

গণতন্ত্র : মানুষের স্বাধীন ও যথাযোগ্য প্রতিনিধিত্ব

এটি এমন এক রাষ্ট্র ব্যবস্থা, যাতে মূল ক্ষমতা সাধারণ জনগণের নিকট থাকে। সাধারণ জনগণই পরোক্ষভাবে কিংবা প্রত্যক্ষভাবে রাষ্ট্র পরিচালনা করে থাকে। এই রাষ্ট্র ব্যবস্থায় জনগণের প্রতিনিধি থাকে। যারা সাধারণত নির্দিষ্ট একটা সময়ের পর স্বাধীন ও অবাধ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হয়।

গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা : এটি এমন এক রাষ্ট্র ব্যবস্থা যা সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের নীতিমালার উপর প্রতিষ্ঠিত।

এটি এমন রাষ্ট্রব্যবস্থা যাতে সর্বোচ্চ কর্তৃত্ব মহান আল্লাহর পরিবর্তে সাধারণ জনগণের হাতে ন্যস্ত হয় (নাউযুবিল্লাহ) এবং সর্বসাধারণের রায়ের ভিত্তিতে সরকার নির্বাচন করা হয়। রায়ের ক্ষেত্রে ইলম ও তাকওয়ার দিক থেকে মানুষে মানুষে পার্থক্য থাকা সত্ত্বেও গণতন্ত্রে তা উপেক্ষিত থাকে। এখানে সবাই সমান (অর্থাৎ একজন আলেম ও একজন জাহেল, একজন পাপিষ্ঠ ও একজন নেককার সমান গুরুত্ব বহন করে)। এটি এমন একটি সরকারব্যবস্থা যাতে মানবজ্ঞানই জীবনব্যবস্থা তৈরিকারী এবং মানুষের জন্য জীবনবিধান প্রণয়নকারী, ওহীর এখানে কোনোই দখল নেই। মানুষের জ্ঞান-বুদ্ধি ও প্রবৃত্তি যাকে উপকারী সাব্যস্ত করে, তা উপকারী। আর যাকে ক্ষতিকর বলে, তা ক্ষতিকর। যাকে হারাম (বেআইনী) সাব্যস্ত করে তা হারাম, আর যাকে হালাল (আইনসম্মত) সাব্যস্ত করে, তা হালাল। ওহী (কুরআন ও হাদীস) কখনো এই জ্ঞান-বুদ্ধি ও প্রবৃত্তির চাওয়ার সাথে মিলে

যেতে পারে। কিন্তু কুরআন ও হাদীস এই জীবনব্যবস্থায় (নাউযুবিল্লাহ) আল্লাহ ও তার রাসূলের ফরমান হিসেবে আমলযোগ্য সাব্যস্ত করা হয়নি। বরং মানুষ এটাকে আমলযোগ্য মনে করেছে বলে এটাকে আইনে পরিণত করা হয়েছে। এমনকি গণতন্ত্রের সংজ্ঞা এ কথা প্রমাণ করে যে, এই জীবনব্যবস্থায় মানবিক জ্ঞান-বুদ্ধি এবং জনমানুষের প্রত্যাশাকে কুরআন সুন্নাতেরও (ওহী) উর্ধ্বের মনে করা হয় এবং এর চেয়ে অনেক বেশি মূল্যায়ন করা হয়।

গণতন্ত্র ও ইসলাম কি এক জিনিস

গণতন্ত্রকে যারা ইসলামী বলেন অথবা ইসলামী বিপ্লবের মাধ্যম বানানোর পক্ষে, তাদের দলিলসমূহ

১. গণতন্ত্রকে অনেকে হুবাহু ইসলাম বলেন। তাদের দলিল হল, ইসলামও ব্যক্তি স্বাধীনতার প্রবক্তা। আর গণতন্ত্রও এই কথাই বলে। সুতরাং গণতন্ত্রই ইসলাম এবং ইসলামই গণতন্ত্র।

২. তারা বলেন, শরীয়তও শূরা ব্যবস্থার অধীনে খলিফা নির্বাচন করে। আর গণতন্ত্রও এই কথাই বলে। সুতরাং উভয়টি একই জিনিস। ইসলাম ও গণতন্ত্রের মধ্যে কোনো পার্থক্য নেই।

৩. গণতন্ত্র ব্যবস্থায় জড়িত, যাদেরকে ধার্মিক মনে করা হয়, তাদের আকিদা হল- তারা গণতন্ত্রের মাধ্যমে শরীয়ত প্রবর্তন করবেন। অর্থাৎ এই ব্যবস্থার মাধ্যমে আল্লাহর কালেমাকে বুলন্দ করবেন। তাদের আকিদা অনুযায়ী গণতন্ত্র ছাড়া এমন আর কোনো পথ-পন্থা নেই, যার মাধ্যমে আল্লাহর জমিনে আল্লাহর কালেমাকে বুলন্দ করা যেতে পারে। সব পথ-পন্থাই পরীক্ষা করে দেখা হয়েছে। সুতরাং গণতন্ত্রই একমাত্র পথ, যে পথে সারা বিশ্বে শরীয়ত প্রবর্তন হতে পারে। যাহোক, এই শ্রেণীও গণতন্ত্রকে কুফর মনে করেন না। তাদের বক্তব্য হল, গণতন্ত্রের যে বিষয়গুলো কুফরি, আমরা সেগুলো মানি না। আমরা কুরআন ও সুন্নাহ সম্মত গণতন্ত্র মানি।

৪. গণতন্ত্রের সাথে জড়িত কোনো কোনো ধার্মিক ব্যক্তিত্ব এই ব্যবস্থাকে এ পর্যায়ের কুফরি তো মনে করেন কিন্তু তাদের বক্তব্য হল, তারা অপারগ হয়ে এই ব্যবস্থায় জড়িত হয়েছেন। যাতে এর মাধ্যমে মুসলমানদের হক ও অধিকারসমূহ রক্ষা করা যেতে পারে। হিন্দুস্তানের ধর্মীয় রাজনৈতিক লিডারদেরও দাবি এই যে, তারা এই ব্যবস্থাকে অবলম্বন করে

পার্লামেন্টে না গেলে মুসলমানদের অধিকারের পক্ষে আওয়াজ তুলবে কে? মুখ খুলবে কে?

৫. এই ব্যবস্থায় জড়িত একটি শ্রেণী এ কথা বলে যে, দেশের আইন ইসলামী হলে গণতন্ত্র ব্যবস্থায় শরিক হওয়া পাপের কোনো বিষয় নয়। মানে এরাও গণতন্ত্রকে কুফর মনে করেন না।

গণতন্ত্রকে যারা কুফর বলেন তাদের দলিলসমূহ

পূর্বেই বলেছি যে, গণতন্ত্র বিশেষ একটি পরিবভাষা। সুতরাং এর সে সংজ্ঞাই বিশ্বাসযোগ্য হবে, যা পরিভাষা রূপদানকারীরা করেছেন। কেউ ইচ্ছামাফিক সংজ্ঞা দিলে তা বিশ্বাসযোগ্য হবে না। কারণ পরিভাষার সেই অর্থই বিশ্বাসযোগ্য হয়, যার জন্য সেটাকে তৈরি করা হয়েছে।

সুতরাং যখনই গণতন্ত্র শব্দটি বলা হবে, এর সেই অর্থ-মর্মই উদ্দেশ্য হবে, যা এর প্রণয়নকারীরা বর্ণনা করেছেন। আর তা আমরা উপরে উল্লেখ করেছি। সেই সাথে এ কথাও স্পষ্টভাবে জেনে রাখা উচিত যে, এখানে আমরা 'ইসলামী গণতন্ত্র' নামক কোনো কাল্পনিক দর্শনের কথা বলছি না, যা গণতন্ত্রের সাথে জড়িত কোনো কোনো ধর্মীয় ব্যক্তিত্বের বক্তব্য অনুযায়ী তারা ক্ষমতায় এসে বাস্তবায়ন করবেন। কারণ ৬৫ বছর ধরে এই কাল্পনিক রূপ বইয়ের ভেতর মলাটবদ্ধ রয়েছে। আজ পর্যন্ত পৃথিবীর কোথাও তার রূপ দাঁড়াতে পারেনি। তাই এটা আমাদের আলোচনার বিষয় নয়। (যদিও আমাদের দৃঢ় বিশ্বাস এবং পরিপূর্ণ ঈমান হল গণতন্ত্রকে ইসলামী বানানো তেমনই অসম্ভব, যেমন অসম্ভব মূর্তিঘরকে ইসলামী মূর্তিঘর এবং মদ্যশালাকে ইসলামী মদ্যশালা বানানো।) আমরা এখানে প্রচলিত সেই গণতন্ত্র ব্যবস্থা নিয়ে আলোচনা করছি, যা ৬৫ বছর ধরে কার্যত বাস্তবায়ন হয়ে আসছে। যাতে এসব ধর্মীয় দলগুলোও শরিক রয়েছে। নিঃসন্দেহে দেশে আক্ষরিক আর্থে প্রতিষ্ঠিত ও প্রচলিত এই গণতন্ত্র সেই অর্থেরই ধারক গণতন্ত্র, যা আমরা উপরে উল্লেখ করেছি।

গণতান্ত্রিক সরকার ব্যবস্থার পরিভাষাসমূহ ও তার মর্ম

গণতান্ত্রিক ব্যবস্থা প্রণয়নকারীরা সাধারণ মুসলমানদেরকে বেশি ধোঁকা দিয়েছে তাদের প্রণয়নকৃত পরিভাষার মাধ্যমে। এরা এগুলোকে অত্যন্ত চতুরতার সাথে ব্যবহার করে থাকে। কোনো মুসলমান এই পরিভাষাগুলোর অর্থ ও মর্ম বুঝলে গণতন্ত্রের তাৎপর্য তার নিকট দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে যাবে।

শরীয়ত অর্থে আইন

ইসলামে 'শরীয়ত' শব্দটি যেই অর্থে ব্যবহৃত হয়, গণতন্ত্রে একই অর্থে 'আইন' শব্দটি ব্যবহৃত হয়। যেমন আমরা বলে থাকি, এ কাজটি শরীয়ত সম্মত, এ কাজটি শরীয়ত পরিপন্থি। গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় বলা হয়, এ কাজটি আইন সম্মত এবং এ কাজটি আইন বিরোধী। শরীয়তে মুহাম্মাদী অস্বীকারকারী যেমন শরীয়ত থেকে খারেজ হয়ে যায়, তাওবা না করলে তার শাস্তি মৃত্যু। তেমনিভাবে গণতন্ত্রের শরীয়ত (আইন) অস্বীকারকারীকেও এই শরীয়তের বিদ্রোহী বলা হয়। তাওবা না করলে ভারতে তার শাস্তি সেটাই যা কাশ্মিরের মুসলমানদেরকে দেয়া হচ্ছে। পাকিস্তানে তার শাস্তি সেটাই যা সোয়াতবাসী এবং জামেয়া হাফসার ছাত্রীদেরকে দেয়া হয়েছে। অর্থাৎ এই শরীয়তের রক্ষী সেনাবাহিনীর হাতে জনগণের সম্পদকে গণিমতের মাল সাব্যস্ত করে লুট করা আর বিদ্রোহীদেরকে হত্যা করা।

আকিদা অর্থে চিন্তাধারা (নজরিয়া)

'আকিদা' শব্দটি শরীয়তে যেই অর্থে ব্যবহৃত হয়, গণতন্ত্রে একই অর্থে 'চিন্তাধারা' শব্দটি ব্যবহৃত হয়ে থাকে। এজন্য গণতন্ত্রী কোনো ব্যক্তি যখন এ কথা বলে যে, আমার চিন্তাধারা এই, তার অর্থ সে বলছে, আমার আকিদা এই।

হালাল অর্থে 'আইন সম্মত'

মুহাম্মাদী শরীয়তে যেভাবে 'হালাল' শব্দ ব্যবহৃত হয়ে থাকে, তেমনিভাবে গণতন্ত্রের শরীয়তে 'আইন সম্মত' শব্দটি ব্যবহৃত হয়ে থাকে। সুতরাং গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় যদি বলা হয় 'মদ বিক্রি করা এবং মদ পান করা আইন সম্মত', এর অর্থ হল গণতন্ত্রের সমাজে মদ পান করা এবং মদ বিক্রি করা হালাল। এমনিভাবে সুদী লেনদেন করাও হালাল।

হারাম অর্থে 'বেআইনি'

মদ্যপায়ীর সাক্ষী থাকা সত্ত্বেও আশি বেত্রাঘাত করা 'বেআইনি'। এ কথার অর্থ হল, সাক্ষী থাকার পরও মদ্যপায়ীকে আশি বেত্রাঘাত করা হারাম। শরীয়ত সম্মত সাক্ষী বিদ্যমান থাকার পরও বিবাহিত যেনাকারি নারী-পুরুষকে প্রস্তারাঘাত করা বেআইনি। এ কথার অর্থ হল, গণতন্ত্রের শরীয়তে এমন করা হারাম। এমনিভাবে আল্লাহর জমিনে আল্লাহর কালেমা বুলন্দ করার জন্য জিহাদ করা বেআইনি, অর্থাৎ জিহাদ করা হারাম।

ফরয অর্থে ডিউটি (Duty)

গণতন্ত্রের শরীয়তে যখন ডিউটি শব্দটি বলা হয়, এর অর্থ হল এই কাজ করা তার উপর ফরয। এমনকি এই ফরয আদায় করাকে ইবাদতও বলা হয়। এই দায়িত্ব পালনে কোনো প্রকার ক্রটি হলে অথবা একেবারে বাদ দিলে, পুলিশ ও সেনাবাহিনী এটাকে শাস্তিযোগ্য মনে করে। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়তে এই অর্থের জন্য 'ফরয' শব্দ ব্যবহৃত হয়ে থাকে। অর্থাৎ কোনো বিষয়কে নিজের উপর এমন আবশ্যক জ্ঞান করা যে, তা করার দ্বারা 'লাভ ও প্রতিদান' প্রাপ্তির ইয়াকিন করা, আর না করার কারণে 'ক্ষতি, গুনাহ ও শাস্তি' পাওয়ার আকিদা রাখা।

ভোট কি শরীয়ত সম্মত পরামর্শ

বর্তমানে কোনো কোনো ব্যক্তি এই কুফরি ব্যবস্থাকে ইসলাম প্রমাণের জন্য গণতান্ত্রিক নির্বাচনকে ইসলাম প্রদত্ত শূরাদর্শনের সমার্থক প্রমাণ করতে চান এবং সাধারণ মুসলমানদেরকে পবিত্র কুরআনের এই আয়াত শোনান–

إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا

> আল্লাহ তায়ালা তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন যে তোমরা আমনতকে তার প্রাপকের নিকট পৌঁছিয়ে দাও। *[সূরা নিসা : ৫৮]*

আর ভোটও একটা আমানত। এজন্য এই আমানতও তার প্রাপকদের নিকট পৌঁছে দাও।

আসুন, নির্বাচন ও শরীয়ত প্রদত্ত পরামর্শের দর্শনের মাঝে কতিপয় মৌলিক পার্থক্য জেনে নিই। এতে আমরা জানতে পারব যে, ভোট সত্যিই কোনো আমানত অথবা পরামর্শ কি না। নাকি এটি একেবারেই ভিন্ন একটা দর্শন।

১. ইসলামে পরামর্শ নিছকই একটি রায়। এই রায় গ্রহণও করা যেতে পারে প্রত্যাখ্যানও করা যেতে পারে। পক্ষান্তরে গণতন্ত্রে যে ভোট গ্রহণ করা হয়, এতে সংখ্যা গরিষ্ঠের ভোটকে প্রত্যাখ্যান করা যায় না।

২. ইসলামে যাদের সাথে পরামর্শ করতে বলা হয়েছে, তারা এমন ব্যক্তি হবেন, আল্লাহ তায়ালা যাদেরকে পরামর্শ ও রায় প্রদানের যোগ্যতা দান করেছেন। পক্ষান্তরে গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় ভোট সবার অধিকার। জ্ঞানী-মূর্খ,

ব্যাভিচারী-আল্লাহর ওলী, কাফের-মুসলমান সবাই সমান। গণতন্ত্রে এদের সবার মান এক বরাবর।

৩. শরীয়তের আলোকে মুসলমানদের বিষয়ে কাফের, মুরতাদ ও জিন্দিক পরামর্শ দিতে পারে না। কিন্তু গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় এরা সবাই সামান অধিকার রাখে। মুসলমানদের বিষয়েও এরা পরামর্শ দিতে পারে।

৪. কোন কোন বিষয়ে পরামর্শ করা হবে, ইসলামে তা নির্দিষ্ট রয়েছে। যেমন দ্বীনের মৌলিক নীতিমালাগুলোর উপর পরামর্শ করা যায় না। বরং এগুলোর উপর হুবাহু আমল করতে হবে। পক্ষান্তরে নির্বাচনে তো একদিকে ইসলাম বাস্তবায়নের দাবিদার, অন্যদিকে খাঁটি সেকুলারেজমের ধ্বজাধারী দাঁড়ায়। আর জনগণ যদি সেকুলারকে গ্রহণ করে এবং সেকুলারদলকে বেশি ভোট দেয়, তবে 'জনগণের ম্যান্ডেট'কে সম্মান জানানো আবশ্যক হয়ে যায়। (নাউজুবিল্লাহ–আল্লাহ আমাদেরকে হেফাজত করুন। আমীন।)

গণতান্ত্রিক নির্বাচনের দৃষ্টান্ত

কতিপয় বখাটে হারাম ও অবৈধ কোনো কাজ করার জন্য একত্রিত হয়েছে এবং এই সিদ্ধান্ত হয়েছে যে, এবার এই হারাম কাজ কে করবে? এর ফয়সালা জনগণ করবে। যাহোক, জনগণকে বলা হল, আপনারা যাকে এই হারাম কাজের জন্য ভোট দিবেন, এবার সেই করবে। এখন যদি কোনো ব্যক্তি এখানে দাঁড়িয়ে এ কথা বলে যে, ভাই এটা পরামর্শ। আর পরামর্শ আমানত। আপনিই বলুন, হারাম কাজে পরামর্শ দেয়া কি জায়েয আছে? এটাকে কি আপনি আমানত বলবেন?

শরীয়ত ও গণতন্ত্রে চুক্তি এবং সমঝোতা দর্শন

কুফরির দাসত্ব, জিহাদের প্রতি ঘৃণা আর জীবনের প্রতি মায়া– মুসলমানদেরকে এ পরিমাণ হীনমন্য করে দিয়েছে যে উসূল ও ইকদারই (Principles & Values) উল্টে গিয়েছে। লাঞ্ছনাকে সম্মান বলে দেয়া হয়েছে আর পরাধীনতাকে স্বাধীনতা।

বর্তমানে গণতান্ত্রিক লোকেরা বিধর্মীদের দাসত্ব এবং তাদের সাথে জোট করাকে সমঝোতা ও চুক্তি বলে থাকে এবং সীরাতের বিভিন্ন ঘটনার সামনে-পেছনে কর্তন করে দলিল দেয় যে, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও মদীনার ইহুদীদের সাথে চুক্তি করেছিলেন। বলা বাহুল্য, আসলাফ চুক্তি ও সমঝোতার সংজ্ঞা বর্ণনা করেছেন–

হানাফী মাযহাবের সংজ্ঞা

الصُّلحُ تَرْكُ الْقِتَالِ مُؤَقَّتًا

একটা সময় পর্যন্ত কিতাল না করার সমঝোতা করা। *[বাদায়ে সানায়ে : ৭/১০৮]*

মালেকী মাযাহাবের সংজ্ঞা

صلح الحربي مدة ليس هو فيها تحت حكم الاسلام

হরবিদের সাথে একটা সময় পর্যন্ত সমঝোতা করা, যেখানে তারা ইসলামের আইনের অধীন হবে না। *[আশশারহুল কাবীর মাআ হাশিয়াতুদ দাসুকী : ২/২০৬]*

শাওয়াফেদের সংজ্ঞা

مصالحة أهل الحرب على ترك القتال مدة معينة بعوض أو غيره سواء

فيهم من يقر منهم على دينه ومن لم يقر

হরবি কাফেরদের সাথে একটা নির্ধারিত সময় পর্যন্ত কিতাল বন্ধ রাখার উপর সমঝোতা করা, কোনো জিনিসের পরিবর্তে অথবা বিনিময় ছাড়া। চাই তাদের মধ্যে কেউ তার ধর্ম স্বীকার করুক বা না করুক। *[মুগনিউল মুহতাজ : ৬/৮৬]*

হাম্বলীদের সংজ্ঞা

أن يعقد لأهل الحرب عقدا على ترك القتال مدة عوض وبغير عوض

হরবিদের সাথে একটা সময় পর্যন্ত কিতাল না করার উপর সমঝোতা করা, কোনো জিনিসের পরিবর্তে অথবা বিনিময় ছাড়া। *[১২) –মুগনী : ৯/২৩৮]*

ইমাম ইবনে কাইয়্যিম রহ. এর সংজ্ঞা

مصالحة أهل الحرب على ترك القتال مدة معينة بعوض أو غيره

- হরবি কাফেরদের সাথে একটা নির্ধারিত সময় পর্যন্ত কিতাল বন্ধ রাখার উপর সমঝোতা করা, কোনো জিনিসের পরিবর্তে অথবা বিনিময় ছাড়া। *[আলখুলাসাহ ফি আহকামি আহলিযযিম্মাহ: প্রথম খণ্ড আবু হামযাহ আশশামী]*

এজন্য হযরত ফুকাহায়ে কেরাম সমঝোতাকে 'মুয়াদাআত'ও (موادعت) বলেছেন। যার অর্থ একটা সময়ের জন্য কাফেরদের সাথে কিতাল ও জিহাদ বন্ধ রাখা অথবা আকস্মিক জিহাদ বন্ধ করা। এরপর আয়েম্মায়ে আরবা–চারো ইমাম এ বিষয়ে এক মত যে, এই চুক্তি ও সমঝোতা নির্দিষ্ট একটা সময় পর্যন্ত হবে। সেই সাথে এ বিষয়টিও স্মরণ রাখা উচিত যে, সমস্ত ইমামের নিকট সমঝোতা কেবল সেই অবস্থায় বৈধ, যেখানে ইসলামের কোনো ফায়দা ও উপকার রয়েছে। এ ছাড়া সমঝোতা করা জায়েয নেই। অর্থাৎ শাসকশ্রেণী যদি শুধু তাদের বিলাসিতার জন্য এবং তাদের ক্ষমতা টিকিয়ে রাখার জন্য এই সমঝোতা করে, তবে এটা কোনোভাবেই বৈধ হবে না।

উদাহরণ

এবার এই সমঝোতাকে কল্পনা করুন যা হযরত ফুকাহায়ে কেরাম বর্ণনা করেছেন। ইসলামী লশকর কাফেরদের দেশের পর দেশ জয় করে সেখানে ইসলামী শরীয়ত প্রতিষ্ঠা করে চলছে। এক পর্যায়ে খলিফা উপলব্ধি করলেন যে, এখন মুজাহিদদের কিছু সময় বিশ্রাম প্রয়োজন। অথবা রসদ সঞ্চয়ের জন্য কিছু সময় যুদ্ধ বিরতি দেয়া প্রয়োজন। অথবা যে কওমের উপর আক্রমণ করতে হচ্ছে, তাদের ইসলাম গ্রহণের আশা রয়েছে। অথবা তারা ট্যাক্স দিতে রাজি আছে, ইত্যাদি ইত্যাদি। এ ধরনের পরিস্থিতিতে কাফেররা তাদের জীবন বাঁচানোর জন্য সমঝোতা চুক্তির আবেদন করে। খলিফা তাদেরকে বলেন, আমি তোমাদেরকে এই শর্তে কিছু সময়ের জন্য ছেড়ে দিচ্ছি যে, তোমরা অধীনস্থ হয়ে আমাদেরকে ট্যাক্স দিবে। কিন্তু তোমাদের দেশে আমাদের ইসলামী আইন চলবে। অথবা এই সূরত হতে পারে যে, খেরাজ বা খাজনা দাও আমরা তোমাদের বিরুদ্ধে কিছু দিনের জন্য কিতাল মূলতবি করছি।

এটা হল ফুকাহায়ে কেরামের কিতাবে বর্ণিত সমঝোতার রূপ।

আর বর্তমানের অবস্থা হল এই যে, আমরা কাফের বিধর্মীদের কাছে মিনতি করতে থাকি যে, আমাদেরকে বেঁচে থাকতে দাও। আমাদেরকে জানে মেরো না। আমরা তোমাদের দাজ্জালী নিউওয়ার্ল্ড অর্ডারের অধীনে জীবন যাপন করতে রাজি আছি। আমরা তোমাদের আনুগত্য করব। আল্লাহর কুরআনের পরিবর্তে জাতি সংঘের শয়তানী চার্টারকে মনে প্রাণে মেনে নেব। বৈশ্বিক সম্পর্ক ইসলামের পরিবর্তে জাতিসংঘের সংবিধান অনুযায়ী প্রতিষ্ঠা করব। আন্তর্জাতিক শয়তানী প্রতিষ্ঠান কোনো মুসলিম রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা করলে সেখানকার মুসলমানদেরকে সহযোগিতা করা আমাদের জন্য হারাম। আমরা পার্থিব স্বার্থে মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সঙ্গ দেব। আমাদের দেশে সুদি ব্যবস্থা জারি করব এবং এগুলোর নিরাপত্তার জন্য আমাদের পুলিশ ও সেনাবাহিনীকে ব্যবহার করব। আমরা কাফেরদের দেশে থাকব এবং কাফের দেশের সব শর্ত মেনে নেব। আপনারা শুধু আমাদেরকে একটু জানে বেঁচে থাকতে দিন।

একটু কল্পনা করুন, কোথায় ইসলামী সমঝোতা এবং চুক্তি আর কোথায় বর্তমানের কাফেরদের জোট! কাফেরদের সাথে জোট গঠনকে সমঝোতা ও চুক্তি বলা ইসলামী পরিভাষার স্পষ্ট বিকৃতি (তাহরিফ)।

গণতন্ত্রের পরিভাষা না বোঝার ভয়ানক ফল

গণতন্ত্রের পরিভাষাগুলো নিয়ে গভীরভাবে চিন্তা না করার কারণে এই ক্ষতি হচ্ছে যে, ওলমায়ে কেরামের নিকট যখন কোনো মাসআলা বা ফতওয়া জিজ্ঞাসা করা হয়, তারা গণতান্ত্রিক পরিভাষাগুলো সামনে রাখে না, যা এই ব্যবস্থায় প্রচলিত রয়েছে। বরং তারা শরীয়তের পরিভাষা সামনে রেখে ফতওয়া দেন। বিষয়টি বোঝার জন্য এখানে কয়েকিট দৃষ্টান্ত পেশ করছি। যার দ্বারা এ বিষয়টি স্পষ্টভাবে বুঝে আসবে যে ওলামায়ে কেরাম যে ফতওয়া দেন, সাধারণত এ ক্ষেত্রে তাদের অসাধুতা না থাকলেও পরিভাষার পরিবর্তনের কারণে সাধারণ মানুষ ধোঁকা খাচ্ছে।

প্রশ্ন : ওলামায়ে কেরামের নিকট যদি ফতওয়া জিজ্ঞাসা করা হয় যে নিম্নোক্ত হারাম কাজে সহযোগিতা করা কেমন :

১. পুলিশ এবং সেনাবাহিনীর কুফরি ব্যবস্থা এবং সুদি কারবার রক্ষায় ভূমিকা পালন করা কেমন?

২. পুলিশ এবং সেনাবাহিনীর নাইট ক্লাব, মদ্যশালা, পতিতালয় এবং নাচগানের আসরে নিরাপত্তা দেয়া কেমন?

৩. পুলিশ এবং সেনাবাহিনীর মুজাহিদদের বিরুদ্ধে লড়াই করা কেমন?

বলার অপেক্ষা রাখে না, ওলামায়ে কেরাম উপরোক্ত প্রশ্নগুলোর এই উত্তরই দিবেন যে, উল্লেখিত কাজগুলো হারাম এবং কবিরা গুনাহ। আর কবিরা গুনাহে সহযোগিতা করা হারাম। পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ

গুনাহ ও অন্যায়ের (ভিত্তির) উপর পরস্পরে সহযোগিতা করবে না। *[সূরা মায়েদা : ২]*

সুতরাং হারাম ও অবৈধ কোনো কাজে সাহায্য-সহযোগিতা করাও কবিরা গুনাহ।

ফতওয়ায় সাধারণত এতটুকুই উত্তর দেয়া হয়, যতটুকু প্রশ্নে চাওয়া হয়েছে বা প্রশ্নের সাথে যতটুকু সম্পর্ক রয়েছে। প্রশ্নে যেহেতু শুধু এই কাজগুলো সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছে, সুতরাং এই কাজগুলো কবিরা গুনাহ। আর আহলে সুন্নাত ওয়াল জামাতের আকিদা হল–

لايكفر مسلم بذنب مالم يستحله

কবিরা গুনাহ করার কারণে কোনো মুসলমানকে কাফের বলা হবে না, যতক্ষণ না সে ওই কাজকে (কবিরা গুনাহকে) হালাল ও বৈধ মনে করে।[৫]

প্রশ্নকারী প্রশ্নই করেছে অসম্পূর্ণ। এজন্য উত্তরও পেয়েছে অসম্পূর্ণ। বিদ্যমান কুফরি ব্যবস্থা সামনে রেখে পূর্ণাঙ্গ প্রশ্ন এভাবে হওয়া উচিত ছিল:

এমন 'কালেমাওয়ালা' ব্যক্তি, যার আকিদা হল বিশেষ একটা শ্রেণীতে প্রবেশ করার পর অথবা বিশেষ একটা চাকরি নেয়ার পর নিম্নোক্ত কাজ তার জন্য শুধু হালালই নয় বরং পবিত্র ফরয (Duty) এর মর্যাদা রাখে। আর এ সব কাজ করতে গিয়ে কখনো মুসলমানের জীবন নেয়াও কি তার জন্য বৈধ এবং নিজের জীবন উৎসর্গ করা তার দায়িত্ব এবং সৌভাগ্য ও শাহদতের বিষয় হয়? কাজগুলো নিম্নে উল্লেখ করা হল–

১. সুদি কারবারী এবং সুদি কেন্দ্রের (যেমন ব্যাংক ইত্যাদির) নিরাপত্তা বিধান করা এবং নিরাপত্তা বিধান করাকে নিজের জন্য ফরয জ্ঞান করা? এর হেফাজতের জন্য যে কোনো মুসলমানের জীবন নেয়া কিংবা নিজের জীবন দেয়াকে পবিত্র দায়িত্ব মনে করা?

---

[৫] الشرح الميسر على الفقهين الأبسط والاكبر للامام أبي حنيفة رحمه الله عليه : الجزء الاول. بيان أصول الايمان. باب لايكفر مسلم بذنب مالم يستحله

২. নাইট ক্লাব, মাসাজ সেন্টার, মদ্যশালা, পতিতালয়, নাচগানের কনসার্টের পাহারাদারী করাকে নিজের জন্য আইনসম্মত বা হালাল মনে করা এবং এটাকে নিজের ডিউটি বা ফরয বলা কেমন?

৩. এমন আসর-অনুষ্ঠানের পাহারাদারীকে নিজের জন্য আইনসম্মত (হালাল) মনে করা যেখানে মহান ব্যক্তিত্বদেরকে (হযরত সাহাবায়ে কেরাম) গালি দেয়া হয়, যাদেরকে ভালোবাসা প্রতিটি মুসলমনানের আকিদার অংশ, তা কেমন?

৪. অফিসার বা উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশে শরীয়তের আইন বাস্তবায়নের দাবিদার এবং কুরআন পড়ুয়া মাসুম নিঃস্পাপ-নিরাপরাধ মেয়েদেরকে হত্যা করা, মসজিদে আক্রমণ করাকে নিজের জন্য হালাল ও আইন সম্মত মনে করা, খতমে নবুওয়াতের আকিদার হেফাজত এবং সাহাবায়ে কেরামের মর্যাদার হেফাজতের জন্য পথে নেমে আসা মুসলমানদের উপর গ্যাস নিক্ষেপ, গরম পানি নিক্ষেপ এবং লাঠি চার্জ করাকে নিজেদের জন্য আইন সম্মত বা হালাল মনে করা কেমন? এবং এ কথা বলা যে, আমরা তো আমাদের অফিসারদের নির্দেশ পালন করছি?

উত্তর : এইভাবে যদি প্রশ্ন করা হয় এবং বাস্তবতাকে সঠিকভাবে বর্ণনা করা হয়, তো উত্তরের ভেতরও নিঃসন্দেহে ভিন্নতা আসবে।

উপরে উল্লেখিত কাজগুলো যে কবিরা গুনাহ, এতে ওই সব সরকারি ও দরবারি আলেমদেরও সন্দেহ নেই যারা প্রতিদিন এমন সব ফতওয়া প্রদান করে থাকে। যার পুরো ফায়দা আমেরিকা, ভারত এবং তাদের মিত্ররা লাভ করে থাকে। সুতরাং এই সব কাজ যখন সর্বসম্মতক্রমে কবিরা গুনাহ, তো এ বিষয়ে সমস্ত ওলামায়ে কেরাম একমত যে, কবিরা গুনাহকে যে কোনো ধরনের ব্যাখ্যা দ্বারা নিজের জন্য হালাল ও বৈধ মনে করা কুফরি। এমন কুফরি যা মিল্লাত থেকে খারেজ করে দেয়, বের করে দেয়।

গণতান্ত্রিক সরকার ব্যবস্থার যেই রূপটি দাঁড়ায় তা হল, পুলিশ হোক কিংবা সেনাবাহিনী, তারা যে ডিউটিই দিক না কেন, বিশেষত গণতন্ত্রের শরীয়ত যেই ডিউটিকে জায়েয এবং হালাল (আইন সম্মত) সাব্যস্ত করেছে, সৈনিকরাও সেই ডিউটিকে নিজের জন্য জায়েয এবং হালাল (আইন সম্মত) মনে করে থাকে। ইমারতে ইসলামীয়ার বিরুদ্ধে আমেরিকার সঙ্গী হওয়া, মুসলমানদেরকে হত্যা করার ক্ষেত্রে কাফরদেরকে সাহায্য করা, এই সৈনিকেরা নিজেদের জন্য আইন সম্মত বা হালাল মনে করত। এমনিভাবে জামেয়া হাফসা এবং সোয়াতে শরীয়তের আইন প্রবর্তনের দাবিদারদেরকে হত্যা করা, তাদের ধন-সম্পদ লুট করা, তাদের মেয়েদেরকে তুলে নেয়া– এসব সৈনিকেরা নিজেদের জন্য আইনসম্মত বা হালাল মনে করে করেছে। কোনো সৈনিক যদি মুসলমানের রক্তকে এই অপব্যখ্যায় বৈধ মনে করে যে এরা সন্ত্রাস, তবে তাদের এই ব্যখ্যা তাদেরকে কুফরি থেকে বাঁচাতে

পারবে না। এর বিস্তারিত আলোচনা এবং দলিল প্রমাণ আরো পরে সংশ্লিষ্ট আলোচনায় আসবে।

তবে কোনো পুলিশ বা সৈনিক যদি এসব শরীয়ত পরিপন্থি পদক্ষেপকে হারাম মনে করে, নিজেকে অপরাধী স্বীকার করে এবং হারামকে হালাল সাব্যস্ত করার অপচেষ্টায় লিপ্ত না হয়, তবে তাকে কাফের বলা যাবে না। বরং তাকে শুধু ফাসেক বলা হবে।

হ্যাঁ, তাকে এ কথা ভাবতে হবে যে, আমি অনেক বড় কবিরা গুনাহে লিপ্ত, যার কারণে আল্লাহ তায়ালা আমার উপর ভীষণ অসন্তুষ্ট হবেন! সেই সাথে তাকে এ বিষয়টিও মনে রাখতে হবে যে, অনেক ক্ষেত্রে এই অপরাধগুলো এতই ভয়ঙ্কর যে, এগুলোকে হালাল ও বৈধ মনে না করলেও– শুধু লিপ্ত হওয়াটাই কুফরি। যেমন কাফেরদেরকে খুশি করার জন্য মুসলমানদেরকে হত্যা করার ঘৃণ্য অপরাধ। এখানে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা অপ্রাসঙ্গিক।

আলোচনার সার নির্যাস

ইবলিসি এই গণতান্ত্রিক ব্যবস্থায় মুসলমানদেরকে ফাঁসিয়ে দেয়ার কাজটি সাধারণ মস্তিস্কের কোনো মানুষের ছিল না। সে এমন ধূর্ত এবং চতুর ছিল যে, শয়তানী তার মস্তিস্কে বিদ্যুৎ গতিতে চলত। সে ইসলামের পরিভাষা, ইসলামী আকিদা এবং মুসলমানদের মেজায-প্রকৃতি গভীরভাবে অধ্যায়ন করেছে। এরপর সে এই গণতন্ত্রের জন্য এমন সব পরিভাষা চালু করেছে, বাহ্যত যা ইসলামের সাথে সাংঘর্ষিক মনে হয় না। আর তারা এক্ষেত্রে যথেষ্ট পরিমাণ সফলতাও অর্জন করেছে। সাধরণ মানুষ তো পরের কথা, তারা অনেক আলেমকে পর্যন্ত ধোঁকা দিতে সফল হয়েছে। ইসলাম ও গণতন্ত্রের মাঝে যেসব জায়গায় শব্দিক ও বাহ্যিক সাদৃশ্যতা বা মিল (Similarity) ছিল, সেখানে তারা ইসলামকে গ্রহণ করেছে। আর যেখানে উভয়ের মাঝে বৈপরিত্ব (Contradiction) ছিল, সেখানে পুরো কাঠামোটাই বদলে ফেলেছে এবং এমন সব পরিভাষা ব্যবহার করেছে যে, বাহ্যিকভাবে ইসলামী মূলনীতির সাথে কোনো প্রকার বিরোধ ও বৈপরিত্ব দেখা যায় না।

এ কারণেই একজন সৈনিক, পুলিশ, জজ, উকিল, পার্লামেন্ট মেম্বর একদিকে এ কথা স্বীকার করে যে, উপরে উল্লেখিত বিষয়গুলো হারাম। কিন্তু অন্যদিকে এই হারামকে মেনে নেয়া, এর সম্মান করা এবং ক্ষমতাবলে এই হারামকে যখন বাস্তবায়ন করার পালা আসে, সাথে সাথে এই পরিভাষাকে পরিবর্তন করে ফেলে এবং বলে, এটা 'আইনি ও কানুনী' বিষয়। অথচ এই একই অর্থ-মর্ম ইসলামী

পরিভাষা 'হালালের'ও। তারা অতি সহজে ও অতি সাবলিলভাবে আল্লাহ কর্তৃক হারামকে হালাল মনে করে। এরপর আমল করা ও আমল করানোকে ফরয সাব্যস্ত করে। এর মোকাবেলায় প্রশাসনিক হস্তক্ষেপ ও সশস্ত্র লড়াইকে জিহাদ বলে। আর এর জন্য যে কোনো কালেমাওয়ালা মুসলমানকে হত্যা করা, মসজিদে গুলি বর্ষণ করা, মাদরাসার উপর আক্রমণ করা, কুরআন পড়ুয়া নিঃস্পাপ ও নিরাপরাধ মেয়েদেরকে রক্তের স্রোতে ভাসিয়ে দেয়া– নিজের জন্য শুধু আইন সম্মত ও হালালই মনে করে না বরং ফরয এবং ইবাদত মনে করে।

এটা শুধু তাদের আমলই নয় বরং তাদের চিন্তাধারাও (আকিদা) বটে। এই আইনের আনুগত্য, এই আইনকে পবিত্র জ্ঞান এবং এর রক্ষণাবেক্ষণ তার ঈমানের (গণতান্ত্রিক মতবাদের উপর ঈমানের) অংশ।

এবার চিন্তা করুন, শুধুমাত্র পরিভাষার পরিবর্তনের দ্বারা এই গণতন্ত্র কত অসংখ্য কুফরিকে তার বক্ষে লুকিয়ে রেখেছে এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের গোলামদেরকে কিভাবে ধোঁকায় ফেলে রেখেছে। এখানে একটা কুফরি নয়, সহস্র কুফরি বিদ্যমান। তবে তারা এই কুফরির নাম পরিবর্তন করেছে। কিন্তু বাস্তবতা স্পষ্ট এবং পরিস্কার।

একটি প্রশ্ন : আল্লাহ তায়ালা তাঁর বিধিবিধান প্রিয়তম নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মাধ্যমে যেভাবে প্রেরণ করেছেন, পুলিশ, সেনা সদস্য এবং অন্যরা আল্লাহর বিধিবিধান সেভাবেই স্বীকার করে। এই আকিদা লালন করা সত্ত্বেও তাদের আমলকে কিভাবে কুফরি বলা যেতে পারে? কবিরা গুনাহ করার কারণে বেশির চেয়ে বেশি ফাসেক বলা যেতে পারে?

প্রশ্নের উত্তর : আমরাও এ কথা মেনে নিচ্ছি যে, আল্লাহর সমস্ত বিধি-বিধানের উপর এদের ঈমান রয়েছে। কিন্তু আপনাকেও এ হাকিকত ও সত্যতাও স্বীকার করতে হবে যে, সেই শরীয়তের (আইন) উপরও তার ঈমান রয়েছে, যা তাকে পড়ানো হয়েছে। সেই আইনের প্রতিটি হুকুমের উপর আমল করা এবং জনগণকে আমল করতে বাধ্য করাকে ফরয এবং দায়িত্ব মনে করে। তাদের আকিদা ও বিশ্বাস হল, এই আইনের জন্য জীবন দেয়া এবং যে কোনো কালেমাওয়ালা মুসলমানের জীবন নেয়া তার জন্য হালল এবং বৈধ। যদিও এই দায়িত্ব সুদি কারবার রক্ষা করা, যেনার আসর হেফাজত করা এবং আল্লাহ ও তাঁর রাসূলের দুশমন আমেরিকানদেরকে পাহারাদারি করা হোক। এমতাবস্থায় আমলী সূরত (কার্যরূপ) এই হয় যে, কোনো ব্যক্তি যদি একই সময়ে অন্য কোনো শরীয়তও মানে, তবে কি সে মুসলমান হতে পারে?

সেই সাথে এ বিষয়টিও লক্ষণীয় যে, ইসলামের উপর এই শ্রেণীর ঈমান কতটুকু, আর এই গণতান্ত্রিক সুদি ব্যবস্থার শরীয়তের উপর ঈমান কতটুকু? আল্লাহর নিযামের জন্য জীবন দেয়া তো দূরের কথা, যারা আল্লাহর নিযামের কথা বলে, শরীয়ত প্রবর্তনের দাবি করে, এরা তাদের জীবন নেয়াকে ফরয মনে করে। এরা এই কুফরি নিযাম ও কুফরি সরকার ব্যবস্থা রক্ষা করাকে ইবাদত মনে করে, মুখে তা স্বীকারও করে। তাদের সমস্ত আনুগত্য এই সুদি সরকার ব্যবস্থার প্রতি। এর রিট বাকি রাখার জন্য তারা নিজেদের জীবন উৎসর্গ করাকে ইবাদত মনে করে। যারা এই রিটের বিরুদ্ধে চ্যালেঞ্জ করে, তাদের জীবন নেয়াকে হালাল ও বৈধ বলে। হোক সে তার বাপ, ভাই কিংবা রক্তের আত্মীয়।

এবার বলুন, কোন ধর্মের উপর এদের ঈমান বেশি? নিঃসন্দেহে গণতান্ত্রিক সুদি শরীয়ত বা সদি আইনের প্রতিই এদের ঈমান বেশি। আর এটা শুধু এদের আমল ও কর্মই নয়, এটা এদের চিন্তাধারা ও আকিদাও। যার উপর সে শপথও করে। এই আকিদার অস্বীকারকারী তখনই বলা যেতে পারে যখন সে গুনাহকে গুনাহ মনে করে এবং এই কাজ থেকে নিজের বিচ্ছিন্নতা প্রকাশ করে। কিন্তু এখানে তো বিষয়টা পুরো বিপরীত, তারা এই কবিরা গুনাহকে ইবাদত এবং পবিত্র দায়িত্ব মনে করে করে থাকে।

দাওয়াতে পরিভাষার ব্যবহার

মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়তের ঈমানদারগণ যখনই তাগুতি গণতন্ত্রের ঈমানদারদের সাথে কথা বলবেন, তাদের গণতন্ত্রে ব্যবহৃত পরিভাষা ব্যবহার করবেন না। বরং এগুলোকে ইসলামী পরিভাষায় পরিবর্তন করুন। যাতে আমাদের সরলমনা সাধারণ মুসলমানগণ জানতে পারেন যে, ইসলামের নামে তাদের সাথে কত বড় প্রতারণা করা হচ্ছে। এই পরিভাষাগুলো খুব বেশি বেশি ব্যবহার করুন, যাতে মানুষ এর বাস্তবতা সম্পর্কে অবগত হয়ে যায়।

এখানে আরও একটা বিষয় স্মরণ করিয়ে দিচ্ছি যে, মুহাম্মাদী শরীয়তে আমল আর আকিদা একমাত্র ধর্তব্যের বিষয়। কেউ এগুলোকে যত সুন্দর নামই দিক। মদকে জুস, সুদকে ব্যবসা, তাগুতকে আমিরুল মুমিনীন ইত্যাদি। শরীয়তে মুতাহহারার শান হল, সে এই মুখোশকে খামচে তুলে ফেলে দেয় এবং আসলের উপর হুকুম জারি করে।

ওলামায়ে কেরামের নিকটও আমাদের আবেদন, আপনারা এই কুফরি বিষয়ে আপনাদের ভক্ত-অনুরক্ত ও অনুসারীদেরকে অবগত করুন যে, কুফরিকে কুফরি বলুন। যাতে কেউ কুফরিকে ইসলাম প্রমাণ করে ইসলামী মূলনীতি ও ভিত্তির সাথে

ইচ্ছামত আচরণ করার দুঃসাহস না করে। শাআয়িরে ইসলাম ও ইসলামের প্রতীক ও নিদর্শন নিয়ে উপহাস করার এবং আল্লাহর 'হদ'কে হিংস্রতা ও পাশবিকতা বলার ধৃষ্টতা দেখাতে না পারে।

মূল কাজ হল, 'সুরতে মাসআলা' গভীরভাবে বোঝা অত:পর পবিত্র শরীয়তের আলোকে তার বিধান স্পষ্ট করা।

আসলাফে উম্মত ও কালের মনীষীদের দৃষ্টিতে গণতন্ত্র

এখন দেখা যাক, গণতন্ত্র সম্পর্কে আসলাফে উম্মত ও কালের মণীষীগণ, যারা আমাদের জন্য আলোকবর্তিকা, তারা কি বলেছেন। তারা দীন আমাদের চেয়েও অনেক বেশি বুঝেছে এবং দীন সম্পর্কে অনেক বেশি জ্ঞান রাখতেন।

১. হযরত শাহ অলিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহমাতুল্লাহি আলাইহি তার 'হুজ্জাতুল্লাহিল বালিগাহ' (حجة الله البالغة) গ্রন্থের 'সিয়াসাতুল মদীনা' (سياسة المدينة) অধ্যায়ে বলেছেন–

ولما كانت المدينة ذات اجتماع عظيم لايمكن أن يتفق رأيهم جميعا على حفظ السنة العادلة....

শহর যখন জনবহুল হয়ে পড়বে, তাদের সবার রায় সুন্নাতের হেফাজতের উপর একমত হওয়া সম্ভব নয়...।

বোঝা গেল, গণতান্ত্রিক সরকার ব্যবস্থা, যা সংখ্যাগরিষ্ঠের মতামত বা পক্ষাবলম্বনের মুখাপেক্ষী, এখানে ইসলাম ও মুসলমানদের সফলতা প্রমাণিত করা ধোঁকবাজি ছাড়া আর কিছু নয়।

১. হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

ইসলামে গণতান্ত্রিক রাষ্ট্র বলতে কোনো জিনিস নেই। নব্য আবিস্কৃত ও সুবিদিত এই গণতান্ত্রিক ব্যবস্থা নিছকই প্রতারণা। বিশেষত এমন গণতান্ত্রিক রাষ্ট্র, যা মুসলমান ও বিধর্মী সদস্যদের দ্বারা গঠিত, সেটা তো অবশ্যই অমুসলিম রাষ্ট্র। *[মালফুজাতে থানভী : ২৫২, আহসানুল ফতওয়া : কিতাবুল জিহাদ/ সিয়াসতে ইসলামীয়া অধ্যায়]*

২. মাওলানা ইদ্রিস কান্ধলভী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

এরা বলে, এটা নাকি মজদুর ও জনগণের রাষ্ট্র। এটা নিঃসন্দেহে কুফরি রাষ্ট্র।। *[আকায়িদুল ইসলাম : ২৩০]*

৩. সাইয়িদ সুলাইমান নদভী রহমাতুল্লাহি আলাইহি ইসলামী গণতন্ত্রের দর্শন প্রত্যাখ্যান করে লেখেন–

গণতন্ত্র ও গণতান্ত্রিক কর্মকাণ্ডের সাথে ইসলামের কি সম্পর্ক? ইসলামী খেলাফতের কি সম্পর্ক? (এগুলোর সাথে ইসলামের কোনই সম্পর্ক নেই।) প্রচলিত গণতন্ত্র তো সপ্তদশ শতাব্দীর পরে সৃষ্টি হয়েছে। গ্রীকের গণতন্ত্রও বর্তমানের গণতন্ত্রের থেকে ভিন্ন ছিল। সুতরাং ইসলামী গণতন্ত্র একটি অর্থহীন পরিভাষা। আমি ইসলামের কোথাও পশ্চিমা গণতন্ত্র পাইনি। তা ছাড়া ইসলামী গণতন্ত্র বলতে তো কোনো জিনিসই নেই। জানি না মরহুম ইকবাল ইসলামের রূহের ভেতর এই গণতন্ত্র কোথায় দেখতে পেয়েছেন? গণতন্ত্র একটা বিশেষ সভ্যতা ও ইতিহাসের ফল। ইসলামী ইতিহাসে একে খোঁজা অক্ষমতা প্রকাশ।[৬]

৪. হযরত মাওলানা কারী মুহাম্মাদ তাইয়িব রহমাতুল্লাহি আলাইহি বলেন–

এটা (গণতন্ত্র) আল্লাহ তায়ালার সিফাতে মিলকিয়াতে শিরক, সিফাতে ইলমেও শিরক।[৭]

শিরকের পথ অবলম্বন করে কি কেউ ইসালামের শির বুলন্দ করতে পারে? কখনোই না।

৫. হযরত মুফতী রশিদ আহমাদ লুধিয়ানবী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

এসব ফল ফসল পশ্চিমা গণতন্ত্রের নিকৃষ্ট বৃক্ষের(শাজারায়ে খবিসা) উৎপাদন। ইসলামে এই কুফরি ব্যবস্থার কোনোই অবকাশ নেই। *[আহসানুল ফতওয়া : ৬/২৬]*

৬. হযরত মাওলানা ইউসুফ লুধিয়ানবী শহীদ রহমাতুল্লাহি আলাইহি বলেন– ইসলামের সাথে গণতন্ত্রের মিল নেই, তায় নয়। বরং গণতন্ত্র ইসলামের একদম বিপরীত বস্তু। *[আপকে মাসায়েল আওর উনকা হল: ৮/১৭৬]*

হযরত মাওলানা ইউসুফ লুধিয়ানবী শহীদ রহমাতুল্লাহি আলাইহির 'আপকে মাসায়েল আওর উনকা হল' গ্রন্থে এই মাসআলাটিও রয়েছে-

প্রশ্ন : হারামকে ইচ্ছাকৃতভাবে হালাল বলা, এমনকি ইসলামী বলার পরিণতি কি? আমি ১৯৯১ এর মে মাসে আমাদের জাতীয় এসেম্বলীতে পাশ হওয়া শরীয়ত

---

[৬] *–মাহনামা সানাবিল- করাচি : মে ২০১৩, সংখ্যা ১১, পৃষ্ঠা ২৭-২৮, সম্পাদক মাওলানা হাফেয আহমাদ সাহেব। এ ছাড়াও দেখুন, মানামা সাহেল-করাচি, সংখ্যা জুন ২০০৬, সংকলন : মাওলানা গোলাম মুহাম্মাদ রহ.*

[৭] *ফিতরি হুকুমাত, – মাওলানা কারী মুহাম্মাদ তাইয়্যিব রহ.*

বিলের ৩য় অনুচ্ছদের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। এই অনুচ্ছদে বলা হয়েছে যে, শরীয়ত অর্থাৎ ইসলামের বিধিবিধান, যা কুরআন ও সুন্নাহয় বর্ণনা করা হয়েছে, পাকিস্তানের সর্বোচ্চ ও মৌলিক আইন হবে। তবে শর্ত হল, রাজনৈতিক ব্যবস্থা এবং সরকারের বর্তমানের অবকাঠামো যেন প্রভাবিত না হয়। তার মানে, দেশের রাজনৈতিক ব্যবস্থা ও সরকারের বর্তমান অবকাঠামো প্রভাবিত হলে কুরআন ও হাদীস প্রত্যাখ্যাত হবে। কুরআন-হাদীসকে তখন মানা হবে না। রাজনৈতিক ব্যবস্থা ও সরকারি অবকাঠামোর ক্ষেত্রে সুপ্রিম ল' আইন ১৯৭৩-ই বলবৎ থাকবে।

মাওলানা সাহেব! যারা এই বিল বানিয়েছেন, অনুমোদন করেছেন, এই দেশে বাস্তবায়ন করছেন এবং এই বিল তৈরিতে যে সব ওলামায়ে কেরাম সহযোগিতা করেছেন, তারা কোন দলে পড়বেন?

উত্তর : একজন মুসলমানের কাজ হল, শর্তহীন এবং কোন প্রশ্ন বা কিন্তু ব্যতীত আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আহকাম ও বিধি-বিধান মনে-প্রাণে স্বীকার করা, মেনে নেয়া। কিন্তু এমন কথা বলা, 'আমি কুরআন ও সুন্নাতের বিধান মানি, তবে আমার অমুক দুনিয়াবী স্বার্থ যেন প্রভাবিত না হয়, ক্ষতিগ্রস্ত না হয়'– এটা ঈমানের কথা নয়, পাক্কা নেফাকি। আল্লাহর বান্দা ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উম্মত না হওয়ার স্পষ্ট ঘোষণা। *[আপকে মাসায়েল আওর আনকা হল : ১/৪৯]*

১. প্রখ্যাত আলেমে দীন মুফতী হামিদুল্লাহ খান সাহেব দামাত বারাকাতুহুম তাঁর অত্যন্ত গুরুত্বপূর্ণ এক ফতওয়াতে বলেন–

   পর্যবেক্ষণ ও অভিজ্ঞতা দ্বারা প্রমাণিত যে, প্রচলিত পশ্চিমা গণতান্ত্রিক ব্যবস্থা শুধু ধর্মহীনতায় নয় বরং নির্লজ্জতা ও সব ধরনের দাঙ্গা, বিশৃঙ্খলা ও অনিষ্টের মূল। বিশেষত এতে এসেম্বলীকে আইন ও সংবিধান প্রণয়নের অধিকার প্রদান করা কুরআন, হাদীস এবং ইজমায়ে উম্মাতের স্পষ্ট লঙ্ঘণ। আর ভোটাধিকার প্রয়োগ করা পশ্চিমা গণতান্ত্রিক ব্যবস্থাকে কার্যত (আমলান) স্বীকার করা এবং এর সমস্ত খারাবিতে অংশীদার থাকা। এজন্য প্রচলিত পশ্চিমা গণতান্ত্রিক ব্যবস্থার অধীনে ভোটাধিকার প্রয়োগ করা শরীয়তের দৃষ্টিতে নাজায়েয।[৮]

২. মাওলানা সাইয়িদ আতাউল মুহসিন শাহ বুখারী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

---

[৮] *–মাহনামা সানাবিল, করাচি : মে ২০১৩, সংখ্যা : ১১, পৃষ্ঠা : ৩২*

কোনো কবরকে সমস্যার সমাধানকারী মানা ও বিশ্বাস করা যদি শিরক হয়ে থাকে, তবে অন্য কোন রাষ্ট্র ব্যবস্থা Imperialism ইম্পেরিয়ালিজম, ডেমোক্রেসি, কমিউনিজম, ক্যাপিটালিজম এবং অন্যা সমস্ত ভ্রান্ত রাষ্ট্র ব্যবস্থাকে মানা কিভাবে ইসলাম হতে পারে? কবর সিজদাকারী মুশরিক। পাথর, কাঠ এবং গাছকে সমস্যার সমাধানকারী ও প্রয়োজন পূরণকারী বিশ্বাস করা শিরক। আর গায়রুল্লাহর নিযাম ও ব্যবস্থা সংকলন করা, রূপ দেয়া, এর জন্য দৌড়ঝাপ করা ও এই নিযাম ও ব্যবস্থা কবুল করা কি করে তাওহীদ হতে পারে? ইসলামের কোথায় গণতন্ত্র রয়েছে? ইসলামের কোথাও ভোট নেই। কোথাও আপসকামিতা নেই। ইসলাম এর অস্তিত্ব মেনে নেয়নি, এর অবদানও স্বীকার করেনি।

ইসলাম আপনার নিকট আনুগত্য চায়, ভোট চায় না। আপনার রায় চায় না। مَنْ يُطِعِ الرَّسُولَ فَقَدْ أَطَاعَ اللَّهَ যে রাসূলের আনুগত্য করল, সে আল্লাহরই আনুগত্য করল।[১]

৩. মাওলানা শাহ মুহাম্মাদ হাকিম আখতার রহমাতুল্লাহি আলাইহি বলেন–

ইসলামে গণতন্ত্র বলতে কোনো জিনিস নেই। যেদিকে বেশি ভোট পড়বে সেদিকেই সবাই যাবে, এমন কোনো বিষয় ইসলামে নেই। বরং ইসলামের অনন্য বৈশিষ্ট্য হল, গোটা বিশ্ব একদিকে চলে গেলেও মুসলমান আল্লাহর পক্ষেই থাকে। হযরত রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সাফা পাহাড়ে নবুওয়াতপ্রাপ্তির ঘোষণা করে ছিলেন, তখন নবীজির পক্ষে একটা ভোটও ছিল না। নবীজির কাছে মাত্র একটা ভোটই ছিল, সেটা তার নিজের ভোট। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আল্লাহর পয়গামের এলান করা থেকে বিরত ছিলেন? তিনি কি এ কথা ভেবে ছিলেন যে, গণতন্ত্র যেহেতু আমার বিপক্ষে, অধিকাংশ ভোট যেহেতু আমার বিরুদ্ধে, সুতরাং আমি নবুওয়াতপ্রাপ্তির ঘোষণা থেকে বিরত থাকি? *[খাযায়েনে মারেফাত ও মুহাব্বত : ২০৯]*

৪. দারুল উলূম দেওবন্দের মুফতীয়ে আযম মুফতী মাহমুদ হাসান গাঙ্গুহী রহ. এর ফতওয়া :

প্রশ্ন : আমাদের নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন? খোলাফায়ে আরবা'ও কি এই গণতান্ত্রিক

---

[১] *তাওহীদ ও সুন্নাত কনফারেন্সে প্রদত্ত ভাষণ, ২৬ সেপ্টেম্বর ১৯৮৭ ব্রিটেন, সৌজন্যে: সানাবিল করাচি*

ব্যবস্থার উপর চলেছেন, নাকি তারা এতে কোনো পরিবর্তন পরিবর্ধন করেছেন?

উত্তর : হযরত শাহ অলিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহমাতুল্লাহি আলাইহি গণতন্ত্রের খণ্ডন (তারদিদ) করেছেন। গণতন্ত্রে আইন ও বিধি-বিধানের মূলভিত্তি দলিল-প্রমাণের ভিত্তিতে হয় না, বরং সংখ্যাগরিষ্ঠের ভিত্তিতে হয়ে থাকে। অর্থাৎ অধিকাংশের রায়ের উপর ফয়সালা হয়ে থাকে। সুতরাং অধিকাংশের রায় যদি কুরআন ও হাদীসের বিরুদ্ধে হয়, তবুও সেটার উপরই ফয়সালা হবে। পবিত্র কুরআনে অধিকাংশের আনুগত্যকে ভ্রষ্টতার কারণ বলে উল্লেখ করা হয়েছে। আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

وَإِنْ تُطِعْ أَكْثَرَ مَنْ فِي الْأَرْضِ يُضِلُّوكَ عَنْ سَبِيلِ اللَّهِ

আর যদি তুমি যারা যমীনে আছে তাদের অধিকাংশের আনুগত্য কর, তবে তারা তোমাকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করবে। *[সূরা আল আনআম : ১১৬]*

বিজ্ঞ, বোধসম্পন্ন ও জ্ঞানীদের সংখ্যা কমই হয়ে থাকে। খোলাফায়ে আরবা রাযিয়াল্লাহু তায়ালা আনহুম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পূর্ণ পদাঙ্কানুসরণ করে চলতেন। তাঁরা এর বিপরীত অন্য কোনো পথ গ্রহণ করেননি।[১০]

৫. বিফাকুল মাদারিস পাকিস্তানের চেয়্যারম্যান মাওলানা সালিমুল্লাহ খান দামাত বারাকাতুহুমের অভিমত :

শাইখুল হাদীস হযরত মাওলানা সালিমুল্লাহ খান দামাত বারাকাতুহুমকে জিজ্ঞাসা করা হয়, 'নির্বাচনী রাজনৈতিক ব্যবস্থা অথবা গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলামী সরকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা সম্ভব কি না?'

উত্তরে তিনি বলেন, 'না, এটা সম্ভব নয়। নির্বাচনের মাধ্যমেও ইসলাম প্রতিষ্ঠা করা সম্ভব নয়, গণতন্ত্রের মাধ্যমেও ইসলাম প্রতিষ্ঠা করা সম্ভব নয়। গণতন্ত্রে সংখ্যাগরিষ্ঠের মত ধর্তব্য হয়। আর সংখ্যাগরিষ্ঠতা মূর্খদের হয়ে থাকে। যারা দীনের গুরুত্বের ব্যাপারে অবগত নয়। তাদের দ্বারা ভালো কোনো কিছুর আশা করা যায় না।'[১১]

৬. হযরত মুফতী নিজামুদ্দীন শামযায়ী শহীদ রহমাতুল্লাহি আলাইহি বলেন–

---

[১০] *ফতওয়ায়ে মাহমুদিয়া চতুর্থ খণ্ড, কিতাবুস সিয়াসাহ ওয়াল হিজরাহ, গণতন্ত্র ও রাজনৈতিক সংগঠনের আলোচনা অধ্যায়*

[১১] *মাহনামা সানাবিল, করাচি, মে ২০১৩, সংখ্যা : ১১*

পৃথিবীতে আল্লাহ্ তায়ালার দীন ভোটের মাধ্যমে কিংবা পশ্চিমা গণতন্ত্রের মাধ্যমে বিজয়ী হবে না। কারণ পৃথিবীর বুকে আল্লাহর দুশমনদের সংখ্যাই বেশি। ফাসেক ফাজেরদের সংখ্যাই বেশি। আর গণতন্ত্র হল মানুষের মাথার সংখ্যার নাম, মানুষের ব্যক্তিত্বের ওজনের নাম নয়। পৃথিবীর বুকে ইসলামের বিজয় লাভ করার একটাই পথ– যে-ই পথ রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গ্রহণ করেছিলেন। সেটা হল জিহাদের পথ।

আফগানিস্তানে তালেবান সরকার ও ইসলামী শরীয়ত প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু কখন হয়েছে? যখন ষোলো লাখ মানুষ শহীদ হয়েছে। দশ লাখ মানুষ প্রতিবন্ধি হয়েছে। কেউ হাত হারিয়েছে, কেউ পা হারিয়েছে, কেউ চোখ হারিয়েছে, কেউ কান হারিয়েছে... এরপর ইসলামী শরীয়ত প্রতিষ্ঠা হয়েছে। কুরবানী না দেয়া পর্যন্ত আল্লাহ তায়ালা কাউকে মুফতে কিছু দেন না। পাকিস্তানের মানুষ তো এই তামান্না করে যে, পাকিস্তানেও তালেবান সরকার আসুক কিংবা তালেবান সরকারের মত সরকার হোক। কিন্তু এর জন্য যে পরিমাণ কুরবানী দেয়ার প্রয়োজন, এর জন্য তারা প্রস্তুত নয়।'[১২]

গণতন্ত্র : কুরআন ও হাদীসের আলোকে

গণতন্ত্রের ভিত্তিই কুফরির উপর

আল্লাহর নিকট হিদায়াত কামনা করে এই আলোচনায় আমরা এ কথা জানার চেষ্টা করব যে, গণতন্ত্র সম্পর্কে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়ত আমাদেরকে কি ফয়সালা দেয়। যে-ই ব্যক্তি শেষ নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শেষ নবী হিসেবে বিশ্বাস করে এবং মানে, তার উচিত শরীয়তের ফয়সালাকেই গ্রহণ করা। এই আলোচনায় আমরা শরীয়তে মুতাহহারার দালায়েল ও প্রমাণাদিই শুনব, কোনো ব্যক্তি বিশেষের আমল দেখব না। গণতন্ত্রের পক্ষে কারও নিকট মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়তের কোনো দলিল-প্রমাণ থাকলে, সে যেনো তা পেশ করে।

পূর্বেই বলা হয়েছে যে, গণতন্ত্রের সংজ্ঞার দিক থেকে এতে গণমানুষের বুঝ-বুদ্ধি ও চাওয়া-পাওয়াকে (মানুষের সংখ্যাকে) ওহীর উপর প্রাধান্য দেয়া হয়েছে। এজন্য এই গণতন্ত্র সরাসরি কুফরি। গণতন্ত্র কেবল সেটাই, যাতে মানুষের

---

[১২] *মহনামা সানাবিল করচি, মে ২০১৩, সংখ্যা : ১১, পৃষ্ঠা : ২৩-২৪*

ক্ষমতায়ন নিশ্চিত করা হয় এবং শাসনের অধিকার মানুষের জন্য নির্দিষ্ট করা হয়। এ ছাড়া কোনো গণতন্ত্রই গণতন্ত্র হতে পারে না।

গণতন্ত্র কি ভিন্ন কোনো ধর্ম?

সামনে গিয়ে কুরআন, হাদীস এবং ফুকাহায়ে কেরামের ভাষ্য দ্বারা এ কথা প্রমাণ করা হবে যে, গণতন্ত্র ও ইসলাম একটা আরেকটার বিপরীত। না ইসলাম গণতন্ত্রের সাথে থেকে ইসলাম থাকতে পারে, না গণতন্ত্র ইসলামের প্রকৃত রূহের সাথে থেকে গণতন্ত্র থাকতে পারে। সুতরাং গণতন্ত্রের সাথে থেকে একজন মুসলমান কতটুকু মুসলমান থাকতে পারে, তা বোঝা কষ্টকর কিছু নয়। কিছুটা আল্লাহর উপর ঈমান, আর বেশিটা গায়রুল্লাহর উপর ঈমান। অথচ আল্লাহ তায়ালা তাঁর অনুগতদেরকে পুরোপুরি তাঁরই অনুগত দেখতে চান। কোনো মুসলমান সরিষার দানা পরিমাণও যদি অন্যের হয়, তবে সে সে-ই অন্যেরই হয়ে যায়। আল্লাহর সাথে তার কোনো সম্পর্ক থাকে না। তেমনিভাবে আল্লাহওয়ালা হওয়ার জন্য জরুরি হল, বান্দা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সে-ই ভাবে তার নবী মানবে, যেভাবে আল্লাহ তায়ালা হুকুম করেছেন, মানতে বলেছেন।

کی محمد سے وفا تو نے تو ہم تیرے ہیں
یہ جہاں چیز ہے کیا لوح و قلم تیرے ہیں

গণতন্ত্রের অবিচ্ছেদ্য অংশ কুফরি

প্রতিটি মুসলমানের জানা উচিত যে, ইসলাম ইসলামই আর কুফর কুফরই। একটার সাথে আরেকটার সামান্যতম সম্পর্ক নেই। আপনার যদি ঈমান থাকে যে, আল্লাহ তায়ালা এই দীনকে তাঁর প্রিয়তম নবীর উপর মুকাম্মাল করে দিয়েছেন, পরিপূর্ণ করে দিয়েছেন, তবে এ কথাও স্মরণ রাখতে হবে যে, দুনিয়ার কোনো আলেমই, হোক সে যত বড়, সে ইসলামকে কুফর আর কুফরকে ইসলাম প্রমাণ করতে পারবে না। আল্লাহ তায়ালা সেই সব ফকীহদের মর্যাদা বাড়িয়ে দিন, যারা তাদের জীবনকে এই দীন বোঝার জন্য কুরবান করে দিয়েছেন। এরপর এই দীনের সুক্ষ্ম সুক্ষ্ম প্রতিটি বিষয় খুলে খুলে উম্মতকে বুঝিয়েছেন।

ইসলাম কি আর কুফর কি?

হিদায়াত কি আর গোমরাহী কি?

আল্লাহর পথ কোনটি আর শয়তানের পথ কোনটি?

প্রতিটি বিষয়ই তাঁরা স্পষ্টভাবে উম্মতকে বুঝিয়ে দিছেন। কোথাও সামান্য পরিমাণ অস্পষ্টতা রাখেননি।

কিন্তু বর্তমানে দীনের সাথে সম্বন্ধযুক্ত, দুনিয়ার স্বাদ-মজায় আকণ্ঠ ডুবন্ত প্রবৃত্তিপূজারী শ্রেণী– চায়, হক আর বাতিল, হিদায়াত আর গোমরাহী, আলো আর অন্ধকার... এগুলোকে এমনভাবে গোঁজামিল দেয়া, এমনভাবে তালগোল পাকিয়ে ফেলা, যাতে ইসলাম ও কুফরের মাঝে কোনো পার্থক্য অবশিষ্ট না থাকে। আর প্রবৃত্তি পূজারীর এই দল যা ইচ্ছা করতে পারে। এরা চায় ইসলামের উপহাসকারীদের কুফরির কথা আলোচনা না করা হোক। আমাদের প্রিয়তম নবীজির সুন্নাত অবমাননাকারীদের হুকুম বলা না হোক। এমনকি তারা এ দাবিও করে যে, কাফেরদেরকেও কাফের বলা না হোক। যারা আম্মাজান আয়েশা রাযিয়াল্লাহু তায়ালা আনহার বিরুদ্ধে অপবাদ আরোপ করেছে, তাদেরকেও কোনো কিছু বলা না হোক।

নাউযুবিল্লাহ! এরা কোন দীনের দাওয়াত দিচ্ছে, যেখানে ইসলাম ও কুফরির কোনো সীমানা নির্দিষ্ট নেই? কুফর কি আর ইরতিদাদ কাকে বলে? ইলহাদ কি আর শিরকের সংজ্ঞা কি? মুসলমান হওয়ার জন্য জরুরি কি আর কিভাবে ঈমান হেফাজত করতে হয়? কোনো কিছুই স্পষ্ট নয়, পরিস্কার নয়। এটা কেমন দীন যেখানে মুরতাদ ও যিন্দিক কাদিয়ানীরাও যিম্মি সাব্যস্ত হয়? অথচ এ বিষয়ে উম্মতের ইজমা রয়েছে যে, মুরতাদ ও যিন্দিকরা যিম্মি হতে পারে না।

এজন্য আহলে সুন্নাত ওয়াল জামাতের কিতাবে যে বিষয়গুলোকে কুফরি লিখেছে, আমরা সর্বাবস্থায় সেগুলোকে কুফরি বলব এবং এর আলোচনা করে যাব। এর কারণে যদি কেউ আমাদের বিরুদ্ধে অপবাদ আরোপ করে, করবে। আমরা যদি নিজেদের পক্ষ হতে কোনো কথা বলে থাকি, তবে আমরা সেই অপবাদের অবশ্যই উপযুক্ত হব। কিন্তু এসব মাসআলায় আমরা আমাদের আসলাফের ভাষ্যই পেশ করব। এরপর যার ইচ্ছা সে যেন এসব আসলাফের বিরুদ্ধে অপবাদ লাগিয়ে তার ঈমান ও আকিদা বরবাদ করে এবং নিজেকে তাদের কাতার থেকে বের করে দাজ্জাল ও তার মিত্রদের কাতারে দাঁড় করায়। সবাইকে আল্লাহর নিকটই ফিরে যেতে হবে। সে দিন মুখে তালা লাগিয়ে দেয়া হবে। ছোট বড় প্রতিটি আমলকে সবার সম্মুখে উপস্থাপন করা হবে। সেদিন কোনো জেনারেল কাজে আসবে না, কোনো মন্ত্রী কাজে আসবে না, সরকারি মিডিয়াও সেদিন সঙ্গে থাকবে না। যে-ই সব শয়তান আজ সাহায্য করছে, ডলার দিচ্ছে, নিজেদের খরচে বহিঃদেশে ভ্রমণ করাচ্ছে, তারাও সেদিন পাশে থাকবে না।

এজন্য সমস্ত আহলে ইলমের উপর ফরয হল, গণতন্ত্রের ভেতর যেসব কুফরি পাওয়া যায় তা আলোচনা করা। অন্যথায় হক কথা না বলার অপরাধে কিয়ামতের

দিন পাকড়াও করা হবে। আল্লাহ তায়ালা আমাদের সবাইকে এর থেকে হেফাজত করুন।

গণতন্ত্রের বক্ষে লুকায়িত কুফরি

১. মানবিক জ্ঞান-বুদ্ধি ও চাওয়া-পাওয়াকে ওহীর উপর প্রাধান্য দান।

গণতন্ত্রে মানবজ্ঞানকে ওহীর চেয়েও বেশি মর্যাদা দেয়া হয়েছে। গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় ওহী ততক্ষণ পর্যন্ত গ্রহণীয় নয়, যতক্ষণ না মানবজ্ঞান (সংসদ সদস্য) তা অনুমোদন না করে। আর ফুকাহায়ে উম্মত এমন কাজকে স্পষ্ট কুফরি বলেছেন। এমনকি গণতন্ত্র আরও এক ধাপ এগিয়ে মানব প্রবৃত্তিকেও ওহীর উপর অগ্রাধিকার দিয়ে থাকে। এটা যে কুফরি, তাতে কি কোনো সন্দেহ থাকতে পারে?

আল্লাহর নাযিলকৃত কোনো বিধানই ততক্ষণ পর্যন্ত ওয়াজিবুল আমল হতে পারে না যতক্ষণ না সংসদ সদস্যরা তার অনুমোদন না করেন। এটা নিঃসন্দেহে এমন কুফরি, যা মানুষকে মিল্লাত থেকে খারেজ করে দেয়। যেমন আল্লাহ তায়ালা বিবাহিত ব্যাভিচারী নারী-পুরুষের শাস্তির বিধান তাঁর কিতাবে তাঁর সর্বশেষ নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর নাজিল করেছেন। আর এই বিধান এই উম্মতের জন্য আইন হিসেবে রেখে দেয়া হয়েছে। কিন্তু গণতান্ত্রিক ব্যবস্থায় আল্লাহর দেয়া এই বিধান (নাউযুবিল্লাহ) সংসদ সদস্যদের অনুমোদন ছাড়া আমলযোগ্য মনে করা হয় না। বোঝা গেল, এই ব্যবস্থায় কোনো আইন যদি ইসলাম সম্মতও তৈরি করা হয়, তো সেই আইন এজন্য তৈরি করা হয়নি যে যে, এটা আল্লাহর আইন। বরং এই আইন এজন্য মেনে নেয়া হয়েছে যে, মানবজ্ঞান তথা গণতান্ত্রিক ব্যবস্থার কর্মীরা এটাকে উপযুক্ত মনে করেছেন বিধায় এটাকে আইনে পরিণত করা হয়েছে। কারণ আল্লাহর হুকুমই যদি যথেষ্ট হত, তবে সেটা মানুষের অনুমোদন ও বিল হিসেবে উপস্থাপনের প্রয়োজন পড়ত না। বরং এ প্রক্রিয়া ছাড়াই এই আইন মেনে নেয়া হত, যা আহকামুল হাকিমীন মহান আল্লাহ তায়ালা তাঁর প্রিয়তম নবী হযরত মুহাম্মাদ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর নাজিল করেছেন।

আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে এই ঘৃণ্যকর্মের আলোচনা এভাবে করেছেন যে–

ذَٰلِكُم بِأَنَّهُۥٓ إِذَا دُعِيَ ٱللَّهُ وَحۡدَهُۥ كَفَرۡتُمۡ وَإِن يُشۡرَكۡ بِهِۦ تُؤۡمِنُواْۚ فَٱلۡحُكۡمُ لِلَّهِ ٱلۡعَلِيِّ ٱلۡكَبِيرِ

(তাদেরকে বলা হবে) 'তোমাদের এই অবস্থা (জাহান্নামে চিরদিনের জন্য অবস্থান) তো এজন্য যে, যখন আল্লাহকে এককভাবে ডাকা হত তখন তোমরা তাঁকে অস্বীকার করতে আর যখন তাঁর সাথে শরিক করা হত তখন তোমরা বিশ্বাস করতে। সুতরাং (দুনিয়াতে) যাবতীয় কর্তৃত্ব সমুচ্চ, মহান আলাহর'। *[সূরা গাফির : ১২]*

এই গণতন্ত্রের কুফরিও এটা যে, আল্লাহর শরীয়তকে কেবল আল্লাহর শরীয়ত মনে করে মানা হয় না, গ্রহণ করা হয় না। হ্যাঁ, আল্লাহর সঙ্গে এই পার্লামেন্টকেও যদি অংশীদার বানানো হয়, তখন তারা আল্লাহর শরীয়তকে মেনে নেয়। এখন হক্কানী ওলামায়ে কেরামই বলুন, এই হাকিকত ও বাস্তবতা জানার পরও আল্লাহর শরীয়তকে অনুমোদনের জন্য মানুষের সামনে পেশ করা কেমন?

সেই সাথে এখানে এ বিষয়টিও খুব ভালো করে বুঝে নেয়া উচিত যে, যে-ই পার্লামেন্টে শতভাগ দীনদার ও শরীয়তের পূর্ণ অনুসারী ব্যক্তিত্বগণ বসেন, কিন্তু ওই পার্লামেন্ট অনুমোদন না দেয়া পর্যন্ত আল্লাহর শরীয়ত আইনে পরিণত হয় না, এমন পার্লামেন্টেরও একই হুকুম।

কেউ যদি এ কথা বলে যে, আমরা এই প্রক্রিয়া ছাড়াই আল্লাহর শরীয়তকে আইনের অংশ বানিয়ে দেব, তাদের এই বুঝ গণতন্ত্রের সংজ্ঞা, প্রকৃতি এবং তার নিযাম ও ব্যবস্থার প্রকৃত মোহাফেজদের না বোঝারই দলিল। এ ধরনের লোকেরা গণতন্ত্রকে এক ফোঁটাও বোঝেনি। এরা পুরোপুরি ধোঁকার মধ্যে রয়েছে। গণতন্ত্রকে ওই সময় পর্যন্ত গণতন্ত্রই বলা যাবে না, যতক্ষণ না প্রতিটি জিনিসে মানবজ্ঞানের ক্ষমতায়ন নিশ্চিত করা না হবে। চাই সেটা ওহীই হোক না কেন, যা ফেরেশতাদের সরদার নবীকুলের সরদারের নিকট আনতেন।

২. আধুনিক শয়তানি জীবনব্যবস্থা, যাতে প্রবৃত্তিকে উপাসক বানানো হয়।

গণতন্ত্রে দস্তুরে হায়াত তথা জীবনব্যবস্থা (আইন) প্রণয়নের অধিকার পার্লামেন্টের। তারা তাদের খায়েশ অনুযায়ী যা ইচ্ছা সংবিধানে রূপ দিবে এবং আইনের মর্যাদা দিবে। আর মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়তে এই অধিকার আল্লাহ ছাড়া আর কারও নেই।

সুতরাং এমন আকিদা বিশ্বাস লালন করা আল্লাহর সাথে কুফরি করা। পবিত্র কুরআনে আল্লাহ্ তায়ালা ইরশাদ করেন–

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ

তাদের জন্য কি এমন কিছু শরিক আছে, যারা তাদের জন্য দীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ্ দেননি? *[সূরা আশ-শূরা : ২১]* (এর বিস্তারিত আলোচনা সামনে আসবে ইনশাআল্লাহ।)

৩. গণতন্ত্র আল্লাহর আইন প্রণয়নের সিফাতকে গায়রুল্লাহর (অর্থাৎ পার্লামেন্ট) কাছে অর্পণ করে।

এটাই গণতন্ত্রের রূহ বা আত্মা। এতে যদি কেউ এ কথা সংযোজন করে যে, আইন প্রণয়ন কুরআন ও সুন্নাহ অনুযায়ী হওয়া উচিত, তবে এটা শুধুই কথার কথা, যা মুখ ফসকে বের হয়েছে। অন্যথায় গণতন্ত্রের রূহ ও আত্মা ওহীর কোনো ধরনের পাবন্দি করা কবুল করে না। এর স্পষ্ট প্রমাণ শরীয়ত পরিপন্থি সে সব আইন যা এই 'মূর্তি'র মাধ্যমে করা হয়। পার্লামেন্টের অধিকাংশ সদস্য যেটাকে হালাল (আইন সম্মত) বলে, সেটা হালাল। চাই সেটা সুদ, ব্যাভিচার এবং মদের মত অভিশপ্ত বস্তুই হোক না কেন? অথবা আল্লাহর 'হুদুদ'ই হোক না কেন? যেগুলো নিশ্চিহ্ন করা তো পরের কথা, সংযোজন বিয়োজন করাও কুফরি। এমনিভাবে পার্লামেন্ট যেটাকে হারাম (বেআইনি) বলে, সেটা হারাম। হোক সেটা জিহাদের মত মহান ইবাদতই হোক না কেন?

এখন এর সম্মান করা, এটাকে পবিত্র মনে করা এবং এর রক্ষণাবেক্ষণ করা প্রতিটি সংসদ সদস্যের জন্য ফরয। যারা এটাকে হারাম (বেআইনি) বলবে এবং এর বিরোধিতা করবে, তাদেরকে এই আইনের বিদ্রোহী বলা হবে। এখন কেউ যদি এই আইন বাদ দিয়ে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আইন অনুযায়ী ফয়সালা করতে এবং করাতে চেষ্টা করে, তবে সে এই গণতান্ত্রিক শরীয়তের (জীবনব্যবস্থার) রিটকে চ্যালেঞ্জকারী সাব্যস্ত হবে। আর রাষ্ট্র তাকে দেশদ্রোহী সাব্যস্ত করে তার বিরুদ্ধে পুলিশ ও সৈনিক থেকে নিয়ে বিমান বাহিনী পর্যন্ত লেলিয়ে দেয়া বৈধ মনে করবে। এমন লোকদেরকে হত্যা করা এবং এদের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে নিজেদের জীবন দেয়া সৈনিকদের জন্য ফরয হয়ে যাবে। এজন্য এই ব্যবস্থায় জড়িত ধর্মীয় লোকদের মুখেও আপনি একটা বাক্য অবশ্যই শুনতে পাবেন– 'আমরা আইনের সীমানার ভেতর থেকে শরীয়ত ব্যবস্থা বাস্তবায়নের তৎপরতা চালিয়ে যাব।'

হ্যাঁ, আইনের সীমা সেটাই যা গণতন্ত্র প্রণয়ন করেছে। অর্থাৎ কোনো আইনকেই (চাই তা আল্লাহরই আইন হোক না কোনো) ততক্ষণ পর্যন্ত আইন মনে করা হবে না, যতক্ষণ না তা গণতান্ত্রিকভাবে আইনে পরিণত করা না হবে। অর্থাৎ এখানে আল্লাহর 'আমর' (নির্দেশ) নয় বরং মানুষের 'আমর' চলে!

৪. এই পার্লামেন্টে অনুমোদিত জীবন বিধানকে মানুষের জন্য বাস্তাবায়ন করা, মানুষদেরকে এর নিয়মানুবর্তী করা, পুলিশ, সেনাবাহিনী, বিচার বিভাগ ও অন্যান্য প্রশাসনিক বিভাগ থেকে এর উপর আনুগত্যের শপথ গ্রহণ করা এবং এর উপর কাজ করার আকিদা ও চিন্তাধারা লালন করা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তের স্পষ্ট অস্বীকার।

৫. গণতান্ত্রিক জীবনব্যবস্থায় মুসলমান ও কাফের উভয়ে সমান। অথচ এ বিষয়ে উম্মতের ইজমা রয়েছে এবং কুরআনে কারীমের বহু জায়গায় এ কথা বর্ণিত হয়েছে যে, মুসলমান আর কাফের বরাবর হতে পারে না, সমান হতে পারে না।

৬. গণতান্ত্রিক জীবনব্যবস্থায় প্রেসিডেন্ট এবং কতিপয় পদাধিকারী ব্যক্তি সম্পূর্ণ স্বতন্ত্র থাকেন। আইনের উর্ধ্বে থাকেন। প্রশ্ন হল, আপনাদের আইন যদি ইসলামীই হয়ে থাকে, তো এর অর্থ হয় এটা ইসলাম থেকে বাদ দেয়ার নামান্তর। অর্থাৎ গণতান্ত্রিক জীবনব্যবস্থার কতিপয় ব্যক্তিকে ইসলামী জীবনব্যবস্থা (শরীয়ত) থেকে উর্ধ্বের সাব্যস্ত করা। এদেরকে এ পরিমাণ পবিত্র জ্ঞান করা হয় যে, ইসলামী আইনও এদের অপরাধের শাস্তি দিতে পারে না! অথচ শরীয়তে মুহাম্মাদীতে তো তার কন্যাও ব্যতিক্রম ছিলেন না। গণতান্ত্রিক এই চিন্তাধারাও ইজমায়ে উম্মতের পরিপন্থি।

৭. কোনো দেশের আইন যদি শত করা ৯৯ ভাগ ইসলামী হয় আর একটিমাত্র অনুচ্ছেদ অইসলামীক হয়, যা নিয়মতান্ত্রিকভাবে আইনের অংশ, তো শরীয়তে মুতাহহারা এই শিরককে কবুল করে না। সুতারং এই আইনকে ইসলামী বলা যাবে না, বরং এটিকে কুফরি আইনই বলা হবে। বিধায় কোনো মুসলমান যদি এই আইনকে জীবনবিধান ও এ অনুযায়ী জীবন পরিচালনা করা আবশ্যক সাব্যস্ত করে, তবে এটা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত দীনকে ত্যাগ করা হবে। কারণ বান্দার জন্য এমন একটা বিষয় আবশ্যক করছে, যা আল্লাহ তায়ালা আবশ্যক করেননি।

৮. মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়তে কোনো কাফের মুসলমানের অফিসার, শাসক এবং জজ হতে পারবে না। এমন কি কোনো যিম্মি কাফেরও (যে কাফের খেলাফতের অধীনে প্রতিষ্ঠিত ইসলামী রাষ্ট্রকে কর দেয় আর রাষ্ট্র তার জান-মালের নিরাপত্তা বিধান করে।) অফিসার হয় তবে তার 'যিম্মিয়াত' শেষ হয়ে যাবে এবং তার খুন মুবাহ হবে। ইমাম আবু বকর জাসসাস তাঁর আহকামূল কুরআনে এমনটিই বলেছেন। কিন্তু গণতান্ত্রিক শরীয়তে (জীবনব্যবস্থায়) হিন্দু, শিখ, খ্রিস্টান অথবা যে কোনো বিধর্মীই শাসক ও জজ হতে পারে। যার বাস্তবায়ন আমরা স্বচক্ষেই দেখতে পাচ্ছি।

৯. গণতন্ত্রের পার্লামেন্ট যেই শরীয়ত (সংবিধান) তৈরি করে, তার আলোকে নারীরাও রাষ্ট্রপ্রধান হতে পারে। এই আকিদাও ইজমায়ে উম্মতের পরিপন্থি।

১০. হযরত রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে ইহুদীরা তাঁর নিকট কোনো কোনো বিষয় ফতওয়া নিত জিজ্ঞাসা করত যে, এ বিষয়ে আপনার শরীয়ত কি বলে, এ বিষয়ে আপনি কি হুকুম দেন। রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফতওয়া যদি তাদের মনমত হত, তখন তারা ফয়সালার জন্য রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আসত। আর তাদের মনমত না হলে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফতওয়াকে প্রত্যাখ্যান করত। আল্লাহ তায়ালা সূরা মায়েদায় তাদের এই কর্মের আলোচনা করেছেন। আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

يُحَرِّفُونَ الْكَلِمَ مِنْ بَعْدِ مَوَاضِعِهِ

তারা বিধানাবলিকে আপন স্থান থেকে সরিয়ে ফেলে। *[সূরা মায়েদা : ৪১]*

প্রচলিত গণতান্ত্রিক জীবনব্যবস্থাও যেহেতু ইহুদীদের সৃষ্টি, তাই এখানেও ইহুদী খাসলত পুরোদমে লক্ষ্য রাখা হয়েছে। ইসলামের যে সব আইন ও নিয়ম-নীতি তাদের মনমত হয়েছে, তাদের চাওয়া-পাওয়ার সাথে মিলেছে, সেগুলোকে মানুষের মাধ্যমে অনুমোদন করানোর পর আইনে রূপ দেয়া হয়েছে। যাতে 'ইসলাম প্রিয়'রাও এই কুফরি জীবনব্যবস্থাকে ইসলামী প্রমাণ করার দলিল পেয়ে যায়, আবার নিজেদের প্রবৃত্তি প্রতিমাও সন্তুষ্ট থাকে। আর খয়েশাত ও প্রবৃত্তি যেখানে আল্লাহর আইনকে সমর্থন করে না, মেনে নেয় না, সেখানে আল্লাহর হুকুমকে অস্বীকার, হঠকারিতা, ঔদ্ধত্য, তালবাহানা ও গোঁজামিল দিয়ে কাজ চালিয়ে যায়।

পার্লামেন্ট সম্পর্কে গুরুত্বপূর্ণ প্রশ্ন

যারা সংসদে বসে সেখানে উপস্থাপিত ইসলামী বিলের বিরুদ্ধে ভোট দেয় এবং গণতান্ত্রিক পন্থায়ও ইসলাম প্রতিষ্ঠা করার চেষ্টাকে বরদাশত করে না, তাদের কাফের হওয়ার বিষয়ে কি কোনো সন্দেহ রয়েছে? এটা কি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তের প্রকাশ্য প্রত্যাখ্যান করা নয়? তারা জিহাদ ও কিতালের মাধ্যমেও ইসলাম প্রতিষ্ঠা করতে দিচ্ছে না, আবার সংসদেও ইসলামের নাম শুনতে ইচ্ছুক নয়।

ভাবার বিষয় হল, বিরোধিতার এই 'অধিকার' তাদেরকে দিয়েছে কে? নিঃসন্দেহে এই গণতান্ত্রিক জীবনব্যবস্থা ও এই পার্লামেন্টই তাদেরকে এই অধিকার দিয়েছে। সুতরাং এমন জীবনব্যবস্থা ও পার্লামেন্ট, যা আল্লাহ ও তাঁর রাসূলের শরীয়তের বিরোধিতা করা এবং তা প্রত্যাখ্যান করাকে আইনী অধিকার সাব্যস্ত করে, এর চেয়ে বড় কুফরি ব্যবস্থা ও প্রতিষ্ঠান আর কী হতে পারে?

এই ব্যবস্থা কি শরীয়ত বিলের বিরোধিতাকারীদেরকে হেফাজত করে না? অথচ তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে কারও মতানৈক্য থাকা উচিত নয়। তবে তাওবা না করা অবস্থায় তাদেরকে হত্যা করা কি আইন সম্মত (হালাল-বৈধ) হতে পারে? ইসলামী বিল প্রত্যাখ্যানকারীদের সংসদ সদস্য পদ কি অপসরণ করা হয়? তাদের সাথে কি মুরতাদের মত আচরণ করা হয়? কখনোই না। কারণ গণতন্ত্রের দৃষ্টিতে এরা এখনো সম্মানিত এবং পবিত্র। আর কেউ যদি তাদের সাথে তর্ক করে, তবে রাষ্ট্রীয় মিশনারী তাদের নিরাপত্তাকে নিশ্চিত করবে।

আপনারাই লক্ষ্য করুন, যারা আল্লাহর কানুনকে প্রত্যাখ্যান করছে, তাদেরকে কেউ কিছুই বলতে পারে না। গণতন্ত্র তাদেরকে এই অধিকার দিয়েছে। কিন্তু কোনো নাগরিক যদি গণতন্ত্রের আইন মানতে অস্বীকার করে, তবে তাকে দেশদ্রোহী বলা হয়। সংসদ সদস্যরা নিজেদের মতামতের ভিত্তিতে তাদেরকে হত্যা করতে এবং তাদের বিরুদ্ধে সেনা অপারেশন চালাতে আইন পাশ করে। এর থেকে বোঝা গেল যে, 'দেশের রাষ্ট্রীয় ধর্ম' ইসলাম নয় বরং ধর্মহীনতা (ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্র।)

গণতন্ত্রে ব্যক্তি স্বাধীনতাও নেই

এই ভ্রান্ত ব্যবস্থা তৈরিকারীরা মানুষদেরকে বিরাট এক ধোঁকা এও দিয়েছে যে, গণতন্ত্রে ইসলামের পরিপূর্ণ স্বাধীনতা রয়েছে। গণতন্ত্র ইসলামের কোনো নির্দেশের বিরুদ্ধে বাধ্যবাধকতা আরোপ করে না। প্রতিটি মুসলমান নামায, রোযা এবং

অন্যান্য ব্যক্তিগত ইবাদত করতে পারে। প্রতিটি মুসলমানেরই এই অনুমতি রয়েছে। আর এই স্বাধীনতাকে ইসলামী স্বাধীনতা মনে করে অনেকে হিন্দুস্তানকেও দারুল হরব মানে না। তারা বলেন, হিন্দুস্তানে মুসলমানদের পূর্ণ স্বাধীনতা রয়েছে।

এটি শয়তানী ধোঁকা। শব্দের হেরফের করে এক্ষেত্রেও ধোঁকাবাজি ও প্রতারণা করা হয়েছে। প্রথম প্রশ্ন হল, ইসলাম এখন নাউযুবিল্লাহ এতই তুচ্ছ হয়ে গিয়েছে যে, তাকে কুফরি জীবনব্যবস্থা থেকে স্বাধীনতা ভিক্ষা করে বেঁচে থাকতে হবে? আর আমাদেরকে এও দেখতে হবে যে, এই গণতন্ত্র সত্যি সত্যি মুসলমানদেরকে নামায রোযা ইত্যাদির সেই স্বাধীনতা দিয়েছে কি না যা আল্লাহ তায়ালার তার বিশ্বাসীদেরকে দান করেছেন? এই ব্যবস্থার অধীনে সেই আকিদার সাথে নামায আদায় করা হয় কি না, যেই আকিদা লালন করা আল্লাহ তায়ালা মুসলমানদের জন্য আবশ্যক করেছেন?

গণতন্ত্রে নামাযের স্বাধীনতা নেই

আমাদেরকে নামায 'কায়েম' করার নির্দেশ দেয়া হয়েছে। শুধু রুকু-সিজদা করার নামই নামায নয়। বরং নামাযের ফরয়িয়াতের আকিদা রাখা, নামায আদায়ের জন্য 'নিযামে সালাত' বা নামায ব্যবস্থা প্রতিষ্ঠা করা, যারা নামায পড়বে না তাদেরকে বাধ্য করা, যারা নামায ত্যাগ করার প্রতি অটল থাকে অথবা এর পক্ষে শক্তি সঞ্চয় করে, তাদের সাথে কিতাল করা ফরয মনে করা– এসবই নামায কায়েম করার অন্তর্ভুক্ত এবং জরুরি। অথচ গণতন্ত্রে এর কোনো প্রকার অনুমতি নেই। শুধু এতটুকু সুযোগ রয়েছে যে, কেউ ইচ্ছা করলে পড়বে। আর যারা পড়বে না, রাষ্ট্র কিংবা কোনো মুসলমান তাকে কিছু বলতে পারবে না। সুতরাং গণতান্ত্রিক জীবনব্যবস্থায় নামাযের ফরযের স্বাধীনতা নেই, বরং নামাযের মুবাহ (বৈধ হওয়া) হওয়ার স্বাধীনতা রয়েছে। অর্থাৎ গণতন্ত্র একজন মুসলমানকে এই আকিদা লালন করতে বাধ্য করে যে, নামায ফরয নয় বরং মুবাহ। যার ইচ্ছা হবে পড়বে, আর যার ইচ্ছা হবে না সে পড়বে না। অন্যান্য ইবাদতের ক্ষেত্রেও এই একই কথা। আর ফরযকে মুবাহ মনে করার আকিদা কেমন? ওলামায়ে কেরামের নিকট এর হুকুম জিজ্ঞাসা করা যেতে পারে।

গণতন্ত্রের অবদান: কাদিয়ানীদেরকে কাফের ঘোষণা

যারা গণতন্ত্রের মাধ্যমে ইসলামী জীবনব্যবস্থা প্রতিষ্ঠার আকিদা ও বিশ্বাস লালন করেন, তাদের একটা দলিল এটাও যে, আমরা এই জীবনব্যবস্থায় শরিক হয়ে

কাদিয়ানীদেরকে কাফের ঘোষণা করিয়েছি। এমনিভাবে এক সময় ইসলামী শরীয়তও বাস্তবায়ন করব।

কাদিয়ানীদেরকে কাফের ঘোষণা করাকে ধর্মীয় রাজনীতি শক্তির অনেক বড় অবদান মনে করা হয় এবং এটাকে গণতান্ত্রিক ব্যবস্থায় ইসলাম প্রতিষ্ঠার দলিল হিসেবে পেশ করা হয়। এতে কোনো সন্দেহ নেই যে, কাদিয়ানীদের বিরুদ্ধে যারা আন্দোলন করেছেন, তাদের নিয়ত ভালো ছিল। কাদিয়ানী ফিতনার মূলৎপাটন করাই ছিল এদের মূল উদ্দেশ্য। কিন্তু গণতান্ত্রিক জীবনব্যবস্থার ধূর্ত ও চতুর কর্মীরা এখানেও ওলামায়ে কেরামকে ধোঁকা দেয়ার চেষ্টা করেছে এবং কাদিয়ানীদেরকে বাঁচানোর জন্য তাদের শয়তানী মস্তিস্ক পুরোপুরিই কাজে লাগিয়েছে।

এ ক্ষেত্রে এই প্রশ্নও আসে যে, ইসলামের আলোকে কাদিয়ানীরা আদি কাফের (কাফেরে আসলি) নাকি মুরতাদ না যিন্দিক?

হযরত ওলামায়ে কেরাম জানেন, ইসলামের এই পরিভাষাত্রয় ভিন্ন ভিন্ন মর্মের জন্য ব্যবহার করা হয়। আর এগুলোর বিধানও ভিন্ন ভিন্ন।

কাদিয়ানীরা কখনোই আদি কাফের নয়। কারণ তারা পূর্ব থেকেই নিজেদেরকে মুসলমান বলত। আবার মুরতাদও নয়। মুরতাদ এজন্য নয় যে, তারা কুফরিতে লিপ্ত থাকার পরও নিজেদেরকে কাফের বলত না। বরং ভ্রান্ত চিন্তাধারা লালন করা সত্ত্বেও নিজেদেরকে মুসলমান প্রমাণ করতে অনমনীয় ও একগুঁয়ে ছিল। বিধায় তাদের উপর কেবল যিন্দিকের সংজ্ঞাই প্রযোজ্য হয়।

এখন প্রশ্ন হল, শরীয়তে যিন্দিকের হুকুম কি? সমস্ত আহলে ইলমের নিকট এর হুকুম হল, গ্রেফতারীর পূর্বে তাওবা করলে তার তাওবা গৃহীত হবে। গ্রেফতারীর পর তাওবা করলে তা গৃহীত হবে না। গ্রেফতারীর পর তাকে হত্যা করা হবে।

কিন্তু আমাদের দেশে কাদিয়ানীদেরকে কাফের ঘোষণা করে তাদেরকে যিম্মীদের মান দেয়া হয়েছে। তাদের জান-মালের জন্য রাষ্ট্রীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। অথচ শরয়ী হুকুম ছিল, প্রথমে তাদের আকিদা থেকে তাওবা করার নির্দেশ দেয়া। তাওবা করে খাঁটি মুসলমান হয়ে গেলে তো ঠিক ছিল। অন্যথায় তাদেরকে হত্যা করা। তাদেরকে কাদিয়ানী হিসেবে বাকি রাখা এবং রাষ্ট্রীয় ও আইনী নিরাপত্তা প্রদান করার অর্থ তাদের ইলহাদের উপর রাজি থাকা এবং দলীয়ভাবে তাদের নিরাপত্তা প্রদান করার জন্য রাষ্ট্রকে নির্দেশ করা। অথচ এ বিষয়ের উপর উম্মতের ইজমা রয়েছে যে, রহমাতুললিল আলামীন, খাতামুন নাবিইয়িন হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে যারা বেয়াদবী করবে, তারা ওয়াজিবুল কতল। তাদেরকে হত্যা করা ওয়াজিব। ইসলামী রাষ্ট্রের

অনুমতি ছাড়াও যদি কোনো ব্যক্তি এদেরকে হত্যা করে, তবে এর জন্য তাকে অভিযুক্ত করা হবে না।

এবার একটু ঠাণ্ডা মাথায় ভাবুন, যাদের ব্যাপারে শরীয়তের এই নির্দেশ ছিল যে, তাদের জান-মাল মুসলমানদের জন্য মুবাহ, কোনো মুসলমান রাষ্ট্রের অনুমতি ছাড়াও যদি তাদেরকে হত্যা করে, তাদের ধন-সম্পদ লুণ্ঠন করে, এ কারণে সে শরীয়তের দৃষ্টিতে অপরাধী হবে না। এখন এই শ্রেণীর জান-মালকে সম্মানিত ঘোষণা করে রাষ্ট্রের উপর তাদের নিরাপত্তার দায়িত্ব অর্পণ করা হয়েছে। অথচ এখনো তারা পূর্ববৎ যিন্দিক এবং মুলহিদই রয়েছে। তাদের ইবাদতখানা পূর্বের থেকে বৃদ্ধি পেয়েছে। তাদের ধর্মপ্রচার পূর্বের তুলনায় আরও প্রকাশ্যে হচ্ছে। এবার আপনারাই ভাবুন, কাদিয়ানীদের জন্য মন্দ হয়েছে নাকি ভালো হয়েছে? আপনারা এমন একটা দলকে রাষ্ট্রীয় নিরাপত্তা ব্যবস্থা করে দিয়েছেন, যারা কোনো অবস্থাতেই দেশে থাকার অনুমতি পেতে পারে না। এরা আদি কাফের থেকেও নিকৃষ্ট। কারণ আদি কাফেররা যিম্মি হয়ে মুসলিম দেশে থাকতে পারে। কিন্তু যিন্দিক ও মুরতাদরা তা থাকতে পারে না। আশ্চর্যের বিষয় হল এরা শুধু দেশে আছে তাই নয়, বরং এরা অন্য সবার মত রাষ্ট্রীয় কর্মকাণ্ডের সাথেও জড়িত রয়েছে।

যদি এ কথা বলা হয় যে, কাদিয়ানীরা আগে মুরতাদ ছিল, আর এখন তাদের সন্তানেরা আদি কাফেরের হুকুমে। তাদের এই ধারণাও ভুল। কাদিয়ানীরা না আগে মুরতাদ ছিল, না এখন আদি কাফের। শরীয়তের দৃষ্টিতে তারা আগেও যিন্দিক ছিল, এখনও যিন্দিক রয়েছে।

স্মরণ করা যেতে পারে যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রেমে পাগলপারা মুজাহিদরা যখন লাহোরে কাদিয়ানীদের কেন্দ্রে আক্রমণ করে, তখন কতিপয় মানুষ এ কথা বলে আক্রমণের নিন্দা জানিয়েছিল যে, কাদিয়ানীদেরকে যেহেতু কাফের ঘোষণা করা হয়েছে, সুতরাং তারা এখন যিম্মি। এমনকি কতিপয় ইলমের বোঝা বহনকারী এ কথা পর্যন্ত বলেন যে, কিয়ামতের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাদিয়ানীদের সাথে দাঁড়াবেন, তাদের সাথে থাকবেন। (আল্লাহ আমাদেরকে হেফাজত করুন। 'নকলে কুফর কুফর নাবাশাদ'–কুফরি কথা-উদ্ধৃতি কুফরি হবে না।) অথচ আহলে ইলমগণ জানেন যে, কাদিয়ানীরা যিন্দিক। আর যিন্দিকরা যিম্মি হতে পারে না। সুতরাং যেই ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লামের বিরুদ্ধে এত বড় অপবাদ আরোপ করেছে যে– খাতামুন নাবিইয়িন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিয়ামতের দিন মালউন ও অভিশপ্তদের সাথে থাকবেন, যারা খতমে নবুওয়াতের আকিদাকে রক্তাক্ত করেছে, যে-ই ফেরকা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্পষ্ট দুশমন।

যারা এমন মারাত্মক কথা বলেছেন, তাদের তাওবা করা উচিত। অন্যথায় কাদিয়ানীদেরকে ভালোবাসার অপরাধে তাদের সাথেই হাশর হওয়ার আশঙ্কা রয়েছে।

গণতান্ত্রিক সংবিধান ও ইসলাম

গণতান্ত্রিক জীবনব্যবস্থা মানুষকে এই অধিকার দেয় যে, সংখ্যাগরিষ্ঠ মানুষ নিজেদের জন্য যে-ই জীবনব্যবস্থা ও সংবিধান পছন্দ করবে, তারা তা গ্রহণ করতে পারবে। এই অধিকার তাদের রয়েছে। তারা যা ইচ্ছা হালাল করবে, যা ইচ্ছা হারাম করবে। যেই দেশ মানুষের এই অধিকার মেনে নিবে, সেটাই আইনী রাষ্ট্র। কোনো রাষ্ট্রে যদি মানুষের এই অধিকার মেনে নেয়, এমন রাষ্ট্র গণতান্ত্রিক আইনী সাংবিধানিক রাষ্ট্র বলার অধিকার রাখে না।

সংবিধান প্রণয়নের ক্ষেত্রে আল্লাহর সাথে কাউকে সমকক্ষ সাব্যস্ত করা সর্বসম্মতক্রমে কুফরি। অথচ এই ব্যবস্থায় আল্লাহর সাথে শুধু সমকক্ষই সাব্যস্ত করা হয় না, বরং আল্লাহর থেকে এই অধিকার– নাউযুবিল্লাহ– পার্লামেন্টকে দেয়া হয়।

আল্লাহ তায়ালা সংবিধানে তাঁর সমকক্ষ সাব্যস্ত করাকে স্পষ্ট অপরাধ ঘোষণা করেছেন। এ ধরনের কাজ থেকে বিরত থাকতে বলেছেন। পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا

> আর তিনি (আল্লাহ তায়ালা) তার হুকুমে (আইনে) কাউকে শরিক করেন না। *[সূরা কাহাফ : ২৬]*

ইমাম বাগবী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

ইবনে আমের এবং ইয়াকুব রহমাতুল্লাহি আলাইহি এর আরেক কিরাত وَلَا تُشْرِكْ فِي حُكْمِهِ أَحَدًا এর কথা বলেছেন। যার অর্থ, তোমরা আল্লাহর হুকুমে (আইনে) অন্য কাউকে শরিক কর না।[১৩]

কারণ এই আইন প্রণয়নের অধিকার কেবল একজনেরই, যিনি এই বিশ্বজগত সৃষ্টি করেছেন। বিশ্বজগতের মহান বাদশা তাঁর সত্য গ্রন্থে ঘোষণা করেছেন–

---

[১৩] تفسير معالم التنزيل المعروف تفسير البغوي : الجزء ٥. للامام محي السنة أبي محمد الحسن بن مسعود البغوي (المتوفي ٥١٦هـ)

أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ

জেনে রাখ, সৃষ্টি ও নির্দেশ (আইন প্রণয়ন) তাঁরই। *[সূরা আ'রাফ : ৫৪]*

এই আয়াতের তাফসীরে হানাফী মাযহাবের বিখ্যাত মুফাসসির ও ফকীহ, ইমাম আবু লাইস সমকন্দী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

ألا كلمة التنبيه. يعني: اعلموا أن الخلق لله تعالي. وهو الذي خلق الأشياء كلها وأمره نافذ في خلقه

আয়াতের ألا শব্দটি সতর্কতাজ্ঞাপনের জন্য। এর উদ্দেশ্য হল, জেনে রেখো, সৃষ্টিজীব (সৃষ্টি করা) আল্লাহ তায়ালার জন্য নির্দিষ্ট। তিনিই সেই মহান সত্ত্বা, যিনি পৃথিবী এবং সমস্ত বস্তু সৃষ্টি করেছেন। আর তাঁর হুকুম ও আইনই এখানে বাস্তবায়িত হবে।[১৪]

ইমাম নিশাপুরী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

আয়াতটি এ কথার দলিল যে, কারো উপর কোনো বিষয় আবশ্যক করা আল্লাহ ছাড়া অন্য কারও অধিকার নেই। *[তাফসীরে নিসাবুরী, দ্বিতীয় খণ্ড]*

ইমাম ফখরুদ্দীন রাযি রহমাতুল্লাহি আলাইহিও তাঁর তাফসীরে এ কথাই বলেছেন। *[তাফসীরে রাযী দ্রষ্টব]*

আয়াতটি এ কথাই বলছে যে, আল্লাহ ছাড়া কোনো মা'বুদ নেই। আল্লাহ তায়ালাই একমাত্র সৃষ্টিকর্তা। আল্লাহ তায়ালাই একমাত্র আইন ও সংবিধান প্রণেতা। সুতরাং কেউ যদি এর যে কোনো একটা গুণ ও বৈশিষ্ট্য অন্য কারো জন্য সাব্যস্ত করে, এর অর্থ হবে সে তার মুখে পাঠ করা কালেমাকে অস্বীকার করছে।

কোনো ব্যক্তি যদি মাজারে গিয়ে কবরস্থ ব্যক্তির নিকট কিছু চায় এবং এ কথা বলে যে, হে পীর! আমাকে সন্তান দিন। অথব কোনো ব্যক্তি যদি তার সন্তানকে পীরের দিকে সমন্ধযুক্ত করে বলে, আমার এই সন্তানকে অমুক পীর দিয়েছে। আপনি সাথে সাথে তাকে মুশরিক বলবেন। কিন্তু কেউ যদি এ কথা বলে যে, অমুকে আইন প্রণয়নের অধিকার রাখে, অথবা যদি এ কথা বলে যে, সংবিধান তৈরি করা পার্লামেন্টের কাজ... আপানি তাকে মুশরিক বলবেন না। কারণ যে ব্যক্তি এ কাজ

---

١٤ تفسير بحر العلوم: الجزء ٢. للشيخ أبو الليث السمرقندي

করছে, সে ক্ষমতাশালী, সরকারের লোক। অথচ আল্লাহ তায়ালা এ আয়াতে সৃষ্টির মত আইন প্রণয়নকেও তাঁর বিশেষ গুণ বলেছেন।

মনে রাখবেন, আইন তৈরি করা একমাত্র আল্লাহরই অধিকার। পৃথিবীতে এমন কেউ নেই যে নিজের পক্ষ থেকে আইন তৈরি করার এবং কোনো জিনিসের জায়েয-নাজায়েয ও বৈধ বা অবৈধ হওয়ার হুকুম লাগাতে পারে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন–

> ومن زعم أن الله جعل للعباد شيئا من الأمر فقد كفر بما أنزل الله على أنبيائه. لقوله: (أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ)
>
> আর যে ব্যক্তি এই ধারনা করেছে যে, আল্লাহ তায়ালা তাঁর 'আল-আমর' (সংবিধান ও আইন প্রণয়ন) এর সিফাত (গুণ) হতে বান্দার জন্য কিছু অধিকার দিয়েছে, নিঃসন্দেহে সে কুফরি করল, ওই সমস্ত বিষয়ের যা আল্লাহ তায়ালা তাঁর নবীগণের উপর নাজিল করেছেন। আল্লাহ তায়ালার বাণী أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ تَبَارَكَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ এর আলোকে।[১৫]

যেই গুণ কেবল আল্লাহর জন্য নির্দিষ্ট, তা আল্লাহর থেকে নিয়ে মানুষকে দেয়া কিংবা মানুষকে তার সমান সাব্যস্ত করা কি আল্লাহকে অস্বীকার করা নয়? আল্লাহকে এর চেয়ে বেশি অস্বীকার আর কি হতে পারে!

আল্লামা সাইয়িদ আবুল হাসান আলী নদভী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

বিশ্বজগতের প্রতিপালক নিজেকে ছাড়া অন্য কাউকে জায়েয নাজায়েয ও বৈধ-অবৈধের ফয়সালা ও সিদ্ধান্ত দেয়ার অধিকার দেননি। এমনকি কোনো নবীকেও আল্লাহ তায়ালা এই অনুমতি দেননি যে, তিনি আল্লাহর হুকুম ছাড়াই নিজের পক্ষ হতে কোনো বিষয় হালাল বা হারামের ঘোষণা দিবেন। তাহলে একজন সাধারণ মানুষের জন্য এটা কি করে জায়েয হতে পারে যে, সে আল্লাহর আইনের বিপরীত নিজের পক্ষ হতে আইন প্রণয়ন করবে এবং এতে এমন বিষয়কে জায়েয ও বৈধ ঘোষণা করবে যাকে আহাকামূল হাকিমীন কিয়ামত পর্যন্তের জন্য চিরস্থায়ী আইনে (কুরআন) নাজায়ে এবং অবৈধ বলেছেন। অথবা এমন কোনো বিষয়কে নাজায়েয

---

[১৫] جامع البيان في تأويل القران المعروف تفسير طبري : الجزء ١٢. تفسير سورة الأعراف : ٤٥. للامام محمد بن جرير. أبي جعفر الطبري. وتفسير القرأن العظيم المعروف تفسير ابن كثير : الجزء ٣. تفسير سورة الاعراف 54. للامام أبي الفداء اسماعيل بن عمر بين كثير القرشي الدمشقي

ও অবৈধ ঘোষণা করে পালন করতে বাধ্য করবে, আল্লাহ তায়ালা যা জায়েয এবং বৈধ বলে তা করার নির্দেশ দিয়েছেন।'

আরব বিশ্বের বিখ্যাত আলেম শায়েখ সফরুল হাওয়ালি 'শরহু আকিদাতুত তাহাবিয়াহ'য় (أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ) এর ব্যাখ্যায় বলেন–

> ... وفي هذه الاية دليل على انه لايجوز لاحد غيرالله تبارك وتعالى ان يشرع للناس باي حال من الاحوال. فالشرع المتبع انما هو شرع الله ودينه. لأن الله تعالي هو الذي خلق الخلق. فكيف يكون له الخلق ويكون لغيره الأمر والنهي؟
>
> এই আয়াতে এ কথার দলিল রয়েছে যে, আল্লাহ তায়ালা ছাড়া অন্য কারো কোনো অবস্থাতেই মানুষের জন্য আইন প্রণয়ন করা জায়েয নেই। সুতরাং যেই শরীয়তের আনুগত্য করা উচিত, সেটা হবে আল্লাহ তায়ালার শরীয়ত এবং তার দীন। কারণ আল্লাহ তায়ালাই মখলুককে সৃষ্টি করেছেন। বিধায় এটা কি করে হতে পারে যে, খালেক ও স্রষ্টা হওয়া তো তার জন্যই নির্দিষ্ট, আর আমর ও নাহির (তথা কি করতে হবে, কি করা যাবে না, অথবা আইন তৈরি করা) অধিকার থাকবে অন্যের কাছে?'[১৬]

বিষয়টি একটি উদাহরণের মাধ্যমে সহজে এভাবে বুঝাতে পারেন যে, কোনো ব্যক্তি গাড়ি তৈরি করেছে, গাড়িটি চালানোর পদ্ধতি তো সেই বলবে। এই এই কাজ করতে হবে..., এই এই কাজ করা যাবে না...। গাড়ি চালানোর জন্য এক্সলেরেটার চাপ দিতে হবে এবং থামানোর জন্য ব্রেক ধরতে হবে...। যেই ড্রাইভার গাড়ির আবিস্কারকের কথা না শুনে নিজের ইচ্ছা মত কাজ করবে, তার সম্পর্কে আপনার ধারণা কি? যেখানে ব্রেক করার কথা সেখানে সে এক্সলেরেটার চাপ দিল। গাড়ি সম্মুখে চালানোর সময় রিভার্স গিয়ার লাগাল। গাড়ি ডানে ঘুরানের প্রয়োজন, স্টিয়ারিং বামে ঘুড়ালো...। বলার অপেক্ষা রাখে না এমন ড্রাইভার নিজে তো মরবেই, সাধারণ মানুষকেও মারবে। এজন্য এমন অনাড়ি ড্রাইভারকে শক্তি প্রয়োগ করে গাড়ি থেকে তুলে বাইরে নিক্ষেপ করতে হবে।

এমনিভাবে আল্লাহ তায়ালা যখন বিশ্বজগতের স্রষ্টা, তো এই পৃথিবী চালানোর জন্য তাঁর বলে দেয়া পদ্ধতিই চলবে। যাকে জীবনব্যবস্থা, জীবন যাপন পদ্ধতি বা

---

١٦ شرح العقيدة الطحاوية: الجزء الاول باب الشفاعة لسفر بن عبدالرحمن الحرالي

জীবনবিধান বলা হয়। তাঁর জীবনবিধান ব্যাতীত অন্য কোনো জীবন বিধান চালু করা হলে ধ্বংস অনীবার্য। এই জন্য আল্লাহ তায়ালা এমন অনাড়িদেরকে ড্রাইভিং সিট (মানুষের নেতৃত্ব) থেকে তুলে দূরে নিক্ষেপ করার জন্য এই উম্মতের উপর জিহাদ ফরজ করেছেন, আর বলেছেন, এই জিহাদ সমগ্র বিশ্বের জন্য রহমত।

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الْأَرْضُ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ

> আর আলাহ যদি মানুষের কতককে কতকের দ্বারা প্রতিহত না করতেন, তবে অবশ্যই যমীন ফাসাদপূর্ণ হয়ে যেত। কিন্তু আলাহ বিশ্ববাসীর উপর অনুগ্রহশীল। *[সূরা বাকারা : ২৫১]*

আল্লাহ তায়ালা যাদেরকে এই পৃথিবী চালানোর পদ্ধতি বুঝিয়ে দিয়েছেন, তাদের দায়িত্ব হল, তারা এসব অনাড়িদেরকে কিতালের ক্ষমতার মাধ্যমে তুলে নিক্ষেপ করবে। যাতে বিশ্বমানবতা ধ্বংস হওয়া থেকে বেঁচে যায়।

শায়েখ সফরুল হাওয়ালি এরপর বলেন–

> وهذا ما فعله الناس في الجاهلية الأولي وفي كل جاهلية في كل زمان ومكان. يؤمنون بأن الله له الخلق. ولكن يجعلون لغيره الأمر. فيشرعون ويسنون القوانين ويحلون مايشاءون. ويحرمون ما يشاءون. وهذا من الشرك الأكبر الذي لا يغفره الله تبارك وتعالي. وهو حقيقة الطاغوت الذي أمرالله تبارك وتعالي أن يكفر به. ولايكون الانسان مؤمنا الا اذا كفر بالطاغوت الذي يشرع من دون الله تعالي....

> প্রাচীন জাহেলিয়াতের যুগে এমনকি যুগে যুগে প্রতিটি অঞ্চলের জাহেলিয়াতের সময় মানুষ এমন করত যে, স্রষ্টা হিসেবে আল্লাহকে তো ঠিকই বিশ্বাস করত কিন্তু জীবন বিধান প্রণয়নের অধিকার অন্য কারও জন্য সাব্যস্ত করত। তারা সংবিধান তৈরি করত, আইন প্রণয়ন করত। ইচ্ছামত হালাল হারাম নির্ধারণ করত...। এমন কাজ করা শিরকে আকবার, জঘণ্য শিরক। এই গুনাহ আল্লাহ তায়ালা কখনোই ক্ষমা করবেন না। আর মানুষ ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারে না, যতক্ষণ না এই

তাগুতের বিরুদ্ধে বিদ্রোহ না করবে, যারা আল্লাহর আইনের মোকাবেলায় আইন প্রণয়ন করে, সংবিধান তৈরি করে।[১৭]

শরীয়তের খেলাফ আইন প্রণয়নকারী নিজেকে ইলাহ এবং মা'বুদে পরিণত করে

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন−

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ

তাদের জন্য কি এমন কিছু শরিক আছে, যারা তাদের জন্য দীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি? *[সূরা আশশূরা : ২১]*

এই আয়াতের তাফসীরে আল্লামা ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি বলেন− হে নবী! তারা সেই দীনের পায়রুবি করে না, যেই দীন আপনাকে আল্লাহ তায়ালা দান করেছেন। বরং তারা সেই দীন (সংবিধান− লেখক) বিশ্বাস করে এবং মানে, যা এর শয়তানরা (বিশেষজ্ঞরা) তাদেরকে দিয়েছে। চাই সেই শয়তান মানুষের মধ্য হতে হোক অথবা জিনদের মধ্য হতে হোক। যেমন তাদের শয়তানরা তাদের বাহিরা, সায়িবা, ওসিলা এবং হাম ইত্যাদি হারাম করে দিয়েছে। আর মৃতজন্তু বক্ষণ করা, রক্ত পান করা এবং জুয়া ইত্যাদী হালাল করে দিয়েছে। (আর এরা নিজেদের কৃত এই হালাল ও হারামকে মানে।)

কাজি সানাউল্লাহ পানিপতি রহমাতুল্লাহি আলাইহি তাফসীরে মাযহারীতে বলেন−

قال ابن عباس رضي الله عنهما : شرعوا دينا غير دين الاسلام

হযরত ইবনে আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুমা বলেন, তারা ইসলামী জীবনব্যবস্থার বিপরীতে আরেকটা জীবনব্যবস্থা তৈরি করে নিয়েছে।

এরপর বলেন−

أيقبلون ما شرع الله أم يقبلون ما شرع لهم شركائهم

তারা কি সেই আইন গ্রহণ করবে যা আল্লাহ বানিয়েছেন, নাকি সেই আইন গ্রহণ করবে যা তাঁর শরিকরা তাদের জন্য প্রণয়ন করেছে?

এর থেকে বোঝা যায় যে, যে ব্যক্তিই এই অধিকারকে গায়রুল্লাহর সাথে নির্দিষ্ট করবে, সে তাকে ইলাহ হিসেবে স্বীকার করে নেবে।। যেমন ইমাম নাসাফী রহমাতুল্লাহি আলাইহি তাঁর তাফসীর مدارك لتنزيل وحقائق التاويل এ বলেন−

---

[١٧] شرح العقيدة الطحاوية : الجزء الاول- باب الشفاعة- لسفر بن عبدالرحمن الحوالي

... ايقبلون ما شرع الله من الدين أم لهم الهة...

তারা কি সেই দীন (জীবনব্যবস্থা) কবুল করে যা আল্লাহ তায়ালা বানিয়েছেন, নাকি তাদের অন্য আরও মা'বুদ ও উপাসক রয়েছে...?

ইমাম নাসাফী রহমাতুল্লাহি আলাইহি এ কথা বলছেন যে, এরা যদি আল্লাহর নাযিলকৃত জীবনব্যবস্থা (শরীয়ত প্রবর্তন) কবুল না করে, যা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিয়ে এসেছেন, তবে নিশ্চিত তারা এই জীবনব্যবস্থা ছাড়া অন্য জীবনব্যবস্থা গ্রহণ করবে। অথচ জীবনব্যবস্থা, সংবিধান বা আইন প্রণয়নের গুণ (সিফাত) কেবল মাত্র আল্লাহর জন্য নির্দিষ্ট। এভাবে তো এরা আল্লাহর সাথে অন্যদেরকে মা'বুদ বানানেওয়ালা হয়ে যাবে।

ইমাম আবু লাইস সমরকান্দি রহমাতুল্লাহি আলাইহি বলেন–

مَالَهُمْ شُرَكَاءُ يعني: ألهم الهة دوني

আমি ছাড়া তাদের কি অন্য আরো মা'বুদও রয়েছে।[১৮]

ইমাম নিশাপুরি রহমাতুল্লাহি আলাইহি বলেন–

أفيقبلون ما شرع الله لهم من الدين أم لهم الهة

তারা কি আল্লাহর তৈরিকৃত সংবিধান গ্রহণ করবে না কি তাদের আরও কোনো মা'বুদ রয়েছে (যারা তাদের জন্য সংবিধান তৈরি করবে)? *(তাফসীরুন নিশাপুরী)*

বোঝা গেল, এই সিফাত ও গুণে যাকে আল্লাহর শরিক বানানো হবে, সে তার 'মা'বুদ'। আর কারও সাথে বান্দার এই সম্পর্ক হল 'ইবাদত'। কারণ মা'বুদ ও ইলাহী তাকেই বলা হয়, যার ইবাদত করা হয়। সুতরাং আইন প্রণেতা গণতান্ত্রিক আইনী রাষ্ট্র, পার্লামেন্ট এবং পার্লামেন্ট মেম্বাররা (সংসদ সদস্যরা) মূলত 'মা'বুদ' ও উপাসক, আল্লাহর বিপরীতে যাদের ইবাদত করা হয়।

উপরে উল্লিখিত আয়াত সম্পর্কে শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া রহমাতুল্লাহি আলাইহি বলেন-

উদ্দেশ্য হল, কোনো মানুষের জন্য কোনো বস্তুকে হারাম বলার অধিকার নেই। তবে হ্যাঁ, শরীয়ত যেটাকে হারাম বলেছে, কেবল সেটাকেই হারাম বলতে পারবে।[১৯]

---

[১৮] *তাফসীরে বাহরুল উলূম, ইমাম আবু লাইস সমরকান্দি*

[১৯] كتب ورسائل وفتاوى ابن تيمية' جلد ٢٠' ص ٣٥٨

আল্লাহর হালালকে হারাম ও হারামকে হালাল করা

মা'বুদে হাকিকী ছাড়া অন্য কারো জন্য নিজের পক্ষ হতে আল্লাহর হালালকে বেআইনি অর্থাৎ হারাম এবং হারামকে আইন সম্মত অর্থাৎ হালাল ঘোষণা করার অধিকার নেই। এই হক ও অধিকার শুধুই মা'বুদের জন্য নির্দিষ্ট। সুতরাং যে ব্যক্তি এ কাজ করবে, অথবা কারো জন্য এই হক ও অধিকার স্বীকার করবে, এর অর্থ সে তাকে তার মা'বুদ বানালো, মা'বুদ হিসেবে গ্রহণ করল।

গণতান্ত্রিক জীবনব্যবস্থায় আল্লাহর এই অধিকারে পার্লামেন্টকেও শরিক বানানো হয়। বরং বাস্তবতা হল, শুধু শরিকই বানানো হয় না, আল্লাহর এই অধিকার পরিপূর্ণরূপে পার্লামেন্ট বা রাষ্ট্রকে দিয়ে দেয়া হয়। সুতরাং পার্লামেন্টের অধিকাংশ সদস্য যদি সুদের মত অভিশাপকে হালাল (আইন সম্মত) ঘোষণা করে, তো গণতন্ত্রের অনুসারীদের জন্য তা 'পবিত্র আইন'-এর অংশ। তাদের আকিদা অনুযায়ী এর সম্মান করা ওয়াজিব।

এই ঘৃণ্য কাজ সম্পর্কে আল্লাহ তায়ালা বড় কঠিনভাবে সতর্ক করেছেন। পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

قُلْ أَرَأَيْتُمْ مَا أَنْزَلَ اللَّهُ لَكُمْ مِنْ رِزْقٍ فَجَعَلْتُمْ مِنْهُ حَرَامًا وَحَلَالًا قُلْ آللَّهُ أَذِنَ لَكُمْ أَمْ عَلَى اللَّهِ تَفْتَرُونَ

বল, 'তোমরা কি ভেবে দেখেছ, আল্লাহ তোমাদের জন্য যে রিয্ক নাযিল করেছেন, অতঃপর তোমরা তার কিছু করে নিয়েছ হারাম ও হালাল'। বল, 'আল্লাহ কি তোমাদেরকে অনুমতি দিয়েছেন, নাকি আল্লাহর উপর তোমরা মিথ্যা রটাচ্ছ'? *[সূরা ইউনুস : ৫৯]*

انْظُرْ كَيْفَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ وَكَفَى بِهِ إِثْمًا مُبِينًا

দেখ, কেমন করে তারা আল্লাহর উপর মিথ্যা রটনা করে। আর প্রকাশ্য পাপ হিসেবে এটিই যথেষ্ট। *[সূরা নিসা : ৫০]*

আল্লাহর বিরোধিতা ও আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করাকেই এরা দীন বলে। আল্লাহকে মিথ্যাপতিপন্ন করাকে ঈমান বলে। আল্লাহ তায়ালা যেই জিহাদকে ফরয করেছেন, এরা সেটাকে সন্ত্রাস ঘোষণা করে হারাম (বেআইনী) বলে।

হে ঈমানদারগণ! চোখ খুলে একটু দেখো, তোমাদের রবের বিরুদ্ধে কেমন নির্দয়ভাবে মিথ্যাচার করছে এবং তার প্রচার করে বেড়াচ্ছে...।

এই আয়াতের তাফসীরে আল্লামা শাব্বীর আহমাদ উসমানী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

> কেমন বিস্ময়কর কথা! আল্লাহর বিরুদ্ধে মিথ্যা অপবাদ আরোপ করে এবং কুফর ও শিরকে লিপ্ত থাকা সত্ত্বেও নিজেকে আল্লাহর বন্ধু বলে এবং আল্লাহর প্রিয়ভাজন হওয়ার দাবি করে!

সত্যবাদি হলে প্রমাণ দাও

পবিত্র কুরআনের সূরা আনআমের ১৫০ নাম্বার আয়াতে আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

> قُلْ هَلُمَّ شُهَدَاءَكُمُ الَّذِينَ يَشْهَدُونَ أَنَّ اللَّهَ حَرَّمَ هَذَا فَإِنْ شَهِدُوا فَلَا تَشْهَدْ مَعَهُمْ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَ الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَالَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ وَهُمْ بِرَبِّهِمْ يَعْدِلُونَ

> বল, 'তোমাদের সাক্ষীদেরকে নিয়ে আস, যারা সাক্ষ্য দেবে যে, আল্লাহ এটি হারাম করেছেন'। অতএব যদি তারা সাক্ষ্য দেয়, তবে তুমি তাদের সাথে সাক্ষ্য দিয়ো না। আর তাদের প্রবৃত্তির অনুসরণ করো না, যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে, যারা আখিরাতে বিশ্বাস করে না এবং যারা তাদের রবের সমকক্ষ নির্ধারণ করে। *[সূরা আল আনআম : ১৫০]*

ইমাম বায়যাবী রহমাতুল্লাহি আলাইহি সাক্ষ্য না দেয়ার উদ্দেশ্য ইহা বর্ণনা করেছেন যে–

> আপনি তার সাক্ষ্য সত্যায়ন করবেন না। আপনি তার সাক্ষ্যর অনিষ্ট বর্ণনা করুন।[২০]

আল্লাম আলুসী রহমাতুল্লাহি আলাইহি বলেন–

> এই সাক্ষী হল তাদের নেতারা, যারা এই গোমরাহী ও ভ্রষ্টতার প্রতিষ্ঠাতা ও আবিস্কারক। যারা এর ভিত্তি রেখেছে। *[তাফসীরে রুহুল মাআনী]*

গণতন্ত্রের পূজারীদের নিকটও কি কোনো সারকারি মৌলভী রয়েছে, যারা এ কথার সাক্ষী দিবে যে, গণতন্ত্রের সংসদ যা কিছু (যেমন হরবি কাফেরদের সাথে কিতাল,

---

[২০] –আনওয়ারুত তানযীল ওয়া আসরারুত তাবীল লিল বায়যাবী

বিবাহিত ব্যভিচারী নারী-পুরুষকে প্রস্তারাঘাতে হত্যা ইত্যাদি) হারাম বা বেআইনী ঘোষণা করে– এর পক্ষে তাদের নিকট কুরআন ও হাদীসের দলিল প্রমাণ রয়েছে?...

আল্লাহওয়ালারা কি এরপরও এমন জায়গায় বসতে পারে, যেখানে আল্লাহর বিরুদ্ধে এমন অপবাদ আরোপ করা হয়?...

এমন মন্দিরের পক্ষে কি কেউ কুরআন-হাদীস দ্বারা দলিল দিতে পারে, যেখানে এসব জনপ্রতিনিধিদেরকে আল্লাহর সমান বানানো হয়?...

এই প্রতিষ্ঠানগুলোর কুফরি হওয়ার বিষয়টি পূর্বে যদি অস্পষ্টও থেকে থাকে, এখন তো অন্ততপক্ষে ৬৫ বছর অতিক্রান্ত হওয়ার পর এবং হককানী অনেক ওলামায়ে কেরামের প্রামান্য রচনাবলী প্রকাশিত হওয়ার পর, এর কুফরি হওয়ার বিষয়টা স্পষ্ট হয়ে গিয়েছে।

সুতরাং এখনও এই মন্দিরে বসার দুঃসাহস সেই ব্যক্তিই করতে পারে, যে দুনিয়ার জীবনকেই প্রকৃত জীবন ভেবেছে এবং দুনিয়ার ভোগ-বিলাসিতার জন্যই দৌড় ঝাপ করছে।... এটা কত মারাত্মক জুলুম ও গাদ্দারী মুহাম্মাদ (সা.) ও তাঁর রবের সাথে।

হালালকে হারাম এবং হারামকে হালালকারীর হুকুম

শাইখ আবদুল্লাহ আযযাম রহমাতুল্লাহি আলাইহি বলেন–

تحليل الحرام وتحريم الحلال في أية جزئية كفر يخرج من الاسلام

يقول ابن تيمية : (من ادعى حل النظرة فقد كفر بالاجماع. ومن حرم الخبز فقد كفر بالاجماع)

যে কোনো একটা হারামকে হালাল বলা অথবা হালালকে হারাম বলা এমন কুফরি, যা দীন থেকে খারেজ করে দেয়। আল্লামা ইবনে তাইমিয়া রহমাতুল্লাহি আলাইহি বলেন, যে ব্যক্তি নামাহরামকে (পরনারী বা পরপুরুষ) দেখা বৈধ হওয়ার দাবি করেছে, সর্বসম্মতিক্রমে সে কুফরি করেছে। আর যে ব্যক্তি রুটিকে হারাম ঘোষণা করেছে, সেও সর্বসম্মতিক্রমে কুফরি করেছে।[২১]

---

[٢١] العقيدة وأثرها في بناء الجيل : للشيخ عبدالله عزام رحمه الله . ص: ٨٢

ইমাম আবু জাফর তাহাবী রহমাতুল্লাহি আলাইহি شرح معانی الاثار গ্রন্থে হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহুর একটি হাদীস বর্ণনা করেছেন। ফাতহুল বারীর باب حد الخمر এর অধীনে হাদীসটি উল্লেখ করা হয়েছে। হাদীসটি কানজুল উম্মালেও উল্লেখ রয়েছে। হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহু বলেন–

হযরত ইয়াজিদ বিন আবি সুফিয়ান রাযিয়াল্লাহু তায়ালা আনহুম যে জামানায় সিরিয়ার আমির ছিলেন, সিরিয়ার কতিপয় মানুষ এ কথা বলে মদ পান করা শুরুকরে যে, 'আমাদের জন্য তো মদ হালাল।' তারা পবিত্র কুরআনের আয়াত لَيْسَ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيمَا طَعِمُوا[২] দ্বারা মদ বৈধ হওয়ার দলিল পেশ করে। তখন ইয়াজিদ বিন আবি সুফিয়ান রাযিয়াল্লাহু তায়ালা আনহু হযরত ওমর ফারুক রাযিয়াল্লাহু তায়ালা আনহুকে এই ফিতনা সম্পর্কে অবগত করেন। হযরত ওমর ফারুক রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাৎক্ষণাৎ ইয়াজিদ রাযিয়াল্লাহু তায়ালা আনহুকে লিখে পাঠান– 'এরা ওখানে গোমরাহী ছড়ানোর পূর্বেই তুমি এদেরকে গ্রেফতার করে আমার নিকট পাঠিয়ে দাও।' হযরত ইয়াজিদ রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাদেরকে গ্রেফতার করে পাঠানোর পর হযরত ওমর রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাদের ব্যাপারে সাহাবায়ে কেরামের সাথে পরামর্শ করেন। সমস্ত সাহাবায়ে কেরাম সর্বসম্মতিক্রমে বলেন, 'আমীরুল মু'মিনীন! আমাদের মতে তো এরা (আয়াতে কারিমার তাবিল [অপব্যখ্যা] করে) আল্লাহ তায়ালার বিরুদ্ধে অপবাদ লাগিয়েছে। আর আল্লাহ তায়ালা যেই জিনিসকে হারাম করেছেন, কোনো অবস্থাতেই অনুমতি দেননি, এরা ধর্মে সেই জিনিসকে হালাল বানিয়েছে। সুতরাং (এরা মুরতাদ) আপনিদে এদের সবাইকে হত্যা করুন।

(সাহাবায়ে কেরামের এই মত প্রকাশের পরও) হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহু চুপ ছিলেন। হযরত ওমর রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাকে জিজ্ঞাসা করলেন, হে আবুল হাসান! তোমার মত কি?

আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহু বললেন, আমার মত হল এদেরকে এই আকিদা থেকে তাওবা করার হুকুম দিন। যদি তাওবা করে, তবে মদ পান করার অপরাধে এদেরকে আশি বেত্রাঘাত (মদ্যপানের হদ-শাস্তি) লাগিয়ে ছেড়ে দিন। আর যদি তাওবা না করে, তবে এদেরকে (কাফের এবং মুরতাদ ঘোষণা করে) হত্যা করুন। কারণ তারা আল্লাহ তায়ালার বিরুদ্ধে মিথ্যা বলেছে আর ধর্মে এমন জিনিসকে জায়েয ও হালাল সাব্যস্ত করেছে, আল্লাহ তায়ালা যার অনুমতি দেননি।'

যাহোক, (সমস্ত সাহাবায়ে কেরাম এই মতের উপর একমত হন এবং) হযরত ওমর রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাদেরকে তাওবা

> করার নির্দেশ দেন। তারা তাওবা করে। এরপর (মদপানের শাস্তি হিসেবে) তাদেরকে আশি বেত্রাঘাত লাগানো হয়।[২২]

এখন যদি কেউ এ কথা বলে যে, আমরা তো গণতান্ত্রিক জীবনব্যবস্থার মধ্যে থেকেও আল্লাহর হারামকৃত বস্তুকে হারামই মনে করি। তাহলে প্রশ্ন, এমন কি হতে পারে যে, হারামকে হারাম বিশ্বাস করবেন আর সেই কাগজপত্র ও সংবিধানকে পবিত্র বলবেন, যাতে অসংখ্য হারাম বিষয়কে হালাল এবং হালালকে হারাম বলা হয়েছে? এই সংবিধানের উপর আনুগত্যের শপথ নিবেন, এর আনুগত্য করার জন্য মানুষকে আহ্বান করবেন। এর বিরুদ্ধে টু শব্দটি পর্যন্ত করবেন না...? এটা কি আল্লাহর বিধানাবলীর সাথে উপহাস করা নয়?

وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَى عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَاءَهُ

> আর সে ব্যক্তির চেয়ে জালিম আর কে, যে আল্লাহর উপর মিথ্যা আরোপ করে অথবা তার নিকট সত্য আসার পর তা অস্বীকার করে? *[সূরা আনকাবুত : ৬৮]*

আল্লাহ তায়ালা অন্য এক জায়গায় এই মিথ্যার কথাও বর্ণনা করেছেন, যা তার বিরুদ্ধে বলা হত।

وَإِذَا فَعَلُوا فَاحِشَةً قَالُوا وَجَدْنَا عَلَيْهَا آبَاءَنَا وَاللَّهُ أَمَرَنَا بِهَا

> আর যখন তারা কোন অশ্লীল কাজ করে তখন বলে, 'আমরা এতে আমাদের পিতৃপুরুষদেরকে পেয়েছি এবং আল্লাহ আমাদেরকে এর নির্দেশ দিয়েছেন'। *[সূরা আরাফ : ২৮]*

ইসলামের কতিপয় কানুনকে আইনের অংশ বানানো

সাধারণত মুসলিম দেশগুলোর আইনে কিছু ইসলামী ধারা অন্তর্ভুক্ত করে এ কথা প্রমাণ করার চেষ্টা করা হয় যে, এটা ইসলামী আইন। সুতরাং এর আনুগত্য করা প্রতিটি মুসলমানের জন্য ফরয।

এ প্রসঙ্গে প্রথমত সেই কথাই স্মরণ রাখতে হবে যা পূর্বে বলা হয়েছে। গণতান্ত্রিক জীবনব্যবস্থায় কোনো আইন ততক্ষণ পর্যন্ত আইন হতে পারে না, যতক্ষণ না মানবজ্ঞান অর্থাৎ সংসদ সদস্যরা এটাকে আইন হওয়ার যোগ্য মনে না করে। আর আল্লাহর আইনকে অনুমোদনের জন্য মানুষের মুখাপেক্ষী হওয়া স্পষ্ট কুফরি।

---

[২২] *–শরহু মাআনিল আসার : ২/৮৯, ইমাম আবু জাফর তাহাবী*

দ্বিতীয় কথা হল, কোনো আইনে দু'চারটি ইসলামী আইন থাকলেই কি সেটা ইসলামী আইন হওয়ার জন্য যথেষ্ট? কিছু কুফরি আর কিছু ইসলামীর সমষ্টিকে কি ইসলাম বলা যেতে পারে? কখনোই না। আল্লাহ তায়ালা এ বিষয়টি পবিত্র কুরআনের জায়গায় জায়াগয় বর্ণনা করেছেন। আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ

তোমরা কি কিতাবের কিছু অংশে ঈমান রাখ আর কিছু অংশ অস্বীকার কর? *[সূরা বাকারা : ৮৫]*

আল্লাহ তায়ালা তাঁর বিশ্বাসীদেরকে পরিপূর্ণ মুসলমান হওয়ার নির্দেশ দিয়ে বলেন–

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ

